The Ramakrishna Mission Institute of Culture Library

Presented by

Dr. Baridbaran Mukerji

rmicl-8

ভবভূাতি নিবারিণী।

অর্থাৎ

সর্বজনগণের বোধগম্য জন্য

দানা শাস্ত্রের সার সংগ্র**ছ** পূর্বক ত্বদীয় অর্থ

সরল সাধুভাষায় গদ্য পদ্যছন্দে

ঐচিত্রনাথ চক্রবর্তী কর্তৃক বিরচিত।

কলিকাতা।

১১৫নং চিৎপুর রোড্ জেনারল প্রিন্টিং প্রেমে শ্রীবেণীমাধব ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত।

সন ১২৮৪ সাল।

मूना १) अक ठाका श्रीव।

বিজ্ঞাপন।

বিপ্রকুলোদ্ভব এক প্রমহংস, স্বীয় কর্মফল বশতঃ ভব-সাগর পার হইয়া, নানা স্থানে বহুতর সাধু স্মাগ্ম ৱারা দেহীর তুরারাধ্য স্তুল্লভ পরম পদার্থ তত্ত্ত্তান লব্ধ ছইয়া জীবন্মুক্ত কলেবরে ভ্রমণ করিতে করিতে দৈব-যোগে একদা অন্মদাশ্রমে আগমন করেন, আমি ত্বদীয় দেবতুল্য অপূর্ব্ব নির্মাল-মূর্ত্তি দর্শনে বিমোহিত হইয়া, ভাঁহাকে অকপট সাধু জ্ঞানে অলৌকিকী ভক্তি সহকারে প্রণতিপূর্ব্বক প্রার্থনা মতে যথাশক্তি অতিথি সৎকার করায়, তিঁনি সেবাবদানে দন্তুই হইয়া বরদান প্রদক্ষে অন্স-দের প্রার্থনানুরোধে ভবক্তান্তিনিবারণ বিষয়ক কতিপয় প্রশ্নের উত্তর প্রদান করতঃ গুরুকর্ম সম্পাদন করিলেন, অর্থাৎ সংশয়চ্ছেদক কতিপয় উপদেশরূপ অমৃতে অভিষিক্ত করিরা, পরিশেষে সেই সকল প্রশ্নোত্তরগুলৈ সমুদ্য সরল ভাষাতে রচনাপূর্বক জনসমাজে ব্যক্ত করিতে আদেশ করিয়া অন্তম্বত হয়েন। যদিচ আমি প্রকৃত বিদ্যা, বুদ্ধি এবং জ্ঞানের অভাব জন্য এই হুরূহ কার্য্য সম্পাদনে কোন অংশেই সক্ষম নহি, তথাচ শুদ্ধ পূৰ্ব্বোক্ত প্ৰশংসনীয় মহাত্মার অলজ্য আজ্ঞা অরুসারে, এই গ্রন্থ রচনায় সাহসী হইয়াছি। এক্ষণে গুণগ্রাহক পাঠকগণের নিকট আমার নিবেদন এই যে, ভাঁহারা কুপা বিতর্ণপূর্ব্বক এই এন্থ খানি একবার আদ্যোপান্ত পাঠ করিয়ে ই জ্রামি সকল এম, সফল বোধ করিব ইতি।

সন ১২৮৪ সাল তাং ২৫শে জ্যৈষ্ঠ।

গ্ৰেপ এচন্দ্ৰনাথ চক্ৰবৰ্তী।

সূচীপত্র।

মৈত্যা সকল ভিন্ন ভিন্ন ধৰ্মাবলঘী	বিশ্বামিতের বিপ্রস্থ প্রাপ্তি ১৩
্হওয়ার কারণ	ডন্ত্র সকল শিব উক্তি বলার
क्रिनुगोख १	হেতু ··· ·· · · ৭১
শ্বীণপত্যের মত 💀 🕠 ৬	অফপাশের অর্থ · · · ৭২
मिदित मंड १	ভাবস্থ আবস্থাকত্ত্বং ••• ৭১
देवकःदवत मञ ⋯ ь	দিব্যভাব লক্ষণং ••• ৭৬
ि শবের মত ··· ৯	বীরভাব লক্ষণং ৭৭
भौक्तित मञ ১०	পশুভাব লক্ষণং ৭৯
রীমায়তের মত ১৩	উপদেশ কথনং ১০৮১
বৌদ্ধের মত ১৪	অনভিষিক্তের স্থরাপান নিষেধ ঐ
জারিব দের মত ১৬	শব দাধনাদির বিধি হওয়ার
কর্তাভজার মত · · · ১৯	(হতু ··· ·· ৮q
শাস্ত্র সকলের পরস্পর অবি-	চতুরাশ্রমের বিদি · · · ঐ
ভিন্নতা ২১	ব্রমাচর্যা লক্ষণ • • • • ১ ১ ১ ১
কোন ধর্ম আশু ফলপ্রদ ২৮	গৃহস্থ আশ্রমের ধর্ম ৯০
স্ফ্রিপ্রকরণ ১২	সাধনার অর্থ \cdots 🕠 ১২
(मरीत পूनर्जना कथनः эь	অস্টাঙ্গযোগের অর্থ 🕠 🔉 🧀
🔊 🖹 কুষ্ণ কর্তৃক আগাম প্রচার ১৮	নাধন সম্পদ্তার লক্ষণ ১৪
শহামারার সাধনাবশাক ৪০	ই দ্রির দমনের উপায় 🕠 ৯৫
मनभश्विमापत छेशार्थान हः	কাম ক্রোধাদি রিপুকে পরা-
কালী মাহাত্মা 88	জয়ের উপায় ১৬
🗷 বুজান কথনং ৪৭	চিত্তশুদ্ধির নিমিত্ত সংসার
७कटमट्रवर्भभाशान ४०	ত্যাগ অনাবশ্যক ক্র
পঞ্চমকারের প্রকৃত্বর্থ ৫৭	ক্রেশ্ব ত্যার্ট ক্রুবিধি ৯৮
শাশারু পঞ্চমকারের ফল ৬০	পরমেশ্বরের নীনাবিধ মূর্ত্তি
নামান্ত পঞ্চমকারের দ্বারা নাধ-	কল্পান (হতু ১০০
নার বিধান হইবার হেতু ৬১	উপাসনার অর্থ ১০১
পাব্রিক মতের সাধনায় সিদ্ধ	বাঞ্ পূজার বিধান ১০২
হওয়ার প্রমাণ	পৌত निक धर्मात वीक ১०৩

জড় পদার্থে ঈশ্বর	পূজার	স্বাধিষ্ঠান চক্র বর্ণন	55
অব্যর্থতা …		মণিপূর চক্র বর্ণন	··· ý
স্বৰ্গ শব্দের অৰ্থ		অনাহত চক্র বর্ণন	****25
নরক শদের অর্থ	>>0	বিশুদ্ধ চক্ৰ বৰ্ণন …	\$8
প্রদেশ্বরের বৈষ্ম্য (দাষ না	আজাচক্র বর্ণন 😶	•••
থ াকা	>>>	সহস্রার বর্ণন 🧝 \cdots	\$5
বর্ণভেদ বিচারের আ	বশ্যকতা ঐ	লয় কথনং 💆 …	?>
ব্রান্মণের লক্ষণ	>>8	জীবনুক্ত পুক্ষের লক্ষণ	2,
তত্ত্বজানীর প্রতিমা পূ	জা অকর্ত্তব্যঐ	বেদান্তসার ভাষা	>>
দেহতত্ত্ব কথনং …	>>>	নিগু ণেশ্বের পূজা	55
ষ্টচক্র নিরূপণ-মূলা	ধার চক্র	অর্থ নির্ব্বাণান্টক…	22
वर्गन 🔐	252	কর্ত্তব্য বিষয়ক উপদেশ	>>

স্চীপত্র সমাপ্ত।

প্রিগুরুদেব বন্দন।।

দ্রী প্রী গুরুবে নমঃ।

ব্রন্ধানন্দং পরমস্থধ্যং কেবলং জ্ঞানমূর্তিং দ্বন্দ্বাতীতং গগনসদৃশং তত্ত্বমস্থাদিলক্ষং । একং নিত্যং বিমলমচলং সর্ব্বদাসাক্ষীভূতং ভাবাতীতং ত্রিগুণরহিতং সদ্যুক্তং ত্বাং নমামি ।।

wক বন্ধ সমাত্ম ভক্তবৎসল I প্রণমিয়া বন্দি তব চরণ যুগল ।। তুমি ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর গণপতি I তুমি কালী তুমি লক্ষ্মী দীতা সরস্বতী।। তুমি চক্র সূধ্য আদি নব এহগণ। ত্রিভবনে তোমা বিনা অন্য কে**হ** নন ।। সুরাসুর গন্ধর্ব কিন্নর নর যত। তীৰ্য্যগাদি জীবমাত্ৰে তুমি আবিভূতি।। কার্য্যের কারণ তুমি দেহে বুদ্ধি প্রাণ। তব সভা হেতুক ইন্দ্রিয় চেষ্টাবান।। মাতৃরূপে গর্ভে তুমি করহ ধারণ। পিতৃরূপে জন্ম দেহ করিয়া রমণ।। অন্ন দান কর তারে স্বামীরূপ হয়ে। পরিত্রাণ কর শেষে গুরু নাম লয়ে॥ নিরঞ্জন বটে কিন্তু কর অন্ধকার 🗓 নানা কীৰ্য্য সাধ হয়ে নানা অবতার।। বিষধর হয়ে ভূমি করহ দংশন। ঔষধ হইয়া পুনঃ কর**হ°মোচন।**

এ ওরু বন্দন।।

সদস্থ কর্ম্মে মতি দেহ অনিবার। রাজা হয়ে পুনঃ কর দণ্ড পুরস্কার II মঙ্গল পদার্থ তবু দেহ জরা ব্যাধি। ক্রিয়াহীন হয়ে কর নানা কর্ম বিধি।। বেন্ধাণের নিমিত অথচ সমবায়। উভয় কারণ তুমি বুঝা নাহি যায়।। কে বুঝিতে পারে প্রভু তোমার মহিমা। অনন্ত শান্ত্রেতে যাঁর নাহি হয় সীমা।। আমি মূঢ়মতি ক্ষীণ দীন হীন অতি | হেন কিবা সাধ্য লিখি ডোমার বিভৃতি।। সর্বব শাস্ত্রে বলে তুমি করুণাসাগর। নিবেদন করি তাই হইয়া কাতর।। মনেতে দিয়াছ তুমি এই অভিলাষ। ভবভান্তি-নিবারিণী করিতে প্রকাশ।। সহজ কঠিন তুই কর্ম লোকে বলে I ত্রঃসাধ্য স্থসাধ্য হয় তব রূপাবলে।। অতএব এই ভিক্ষা তব সন্নিধানে। মনোবাঞ্ছা পূর্ণ কর গ্রন্থ সমাপনে।।

ভবভাুন্তি নিবারিণী।

--- con 555 555 con ---

অসারঃ খলুসংসার দাবানলপ্রসবিনী।
তদগ্ধজনহিতার্থ মহাভৈষজ্যরূপিণী।।
সচ্চিদানলনাথোহং প্রসাদাং ভবতারিণী।
বির্চিত্মত্র গ্রন্থং ভবজান্তি-নিবারিণী।।

মনুষ্য সকল ভিন্ন ধর্মাবলম্বী হওয়ার কারণ।

্ম প্রশ্ন। প্রভো ! আমি অতি মূঢ় জ্ঞানান্ধ,
বিশেষতঃ এই অনিত্য সংসারে ক্রমশঃই ব্যভিচারের
প্রাবল্যতা দেখিয়া আমার ভ্রান্তচিত্ত অধিক সংশ্রাবিষ্ট
ইইতেছে, অতএব আপনি রূপা করিয়া যদি ভ্রান্তি
নিবারণের কিঞ্চিৎ স্তুপদেশ প্রদান করেন, তবেই
কুক্তক্তার্থ হই।

ম উত্তর। বৎস! তোমার অকপট ভক্তিতে আমি অতিশয় বাধ্য হইয়াছি, এবং ধর্মানুসন্ধানে তোমার
প্রিক্ত প্রদ্ধা দেখিয়া অত্যন্ত সন্তুষ্ট হইলাম, অতএব
তোমার যে কোন বিষয়ে সংশ্র থাকে, তাহা স্পষ্টক্রপে ব্যক্ত কর আমি অব্শাই তাহা ভঙ্গন করিয়া
দিব।

২য় প্রশ্ন । ভারতবর্ধের মধ্যে, বিশেষতঃ বাঙ্গালা প্রদেশে হিন্দু, মহম্মদীয়, খ্রীষ্টিয়, ব্রাহ্ম এবং নাস্তিকতা প্রভৃতি বহুবিধ ধর্মের নানা প্রকার মত প্রচলিত আছে। যখন এক প্রমেশ্রের সৃষ্টিতে সকলেরই উৎপত্তি এবং স্থিতি, তখন মনুষ্যমাত্রেই এক ধর্মাক্রান্ত না হইরা ভিন্ন ধর্মাবলমী হইবার কারণ কি ?

২য় উভর । পূর্ব্বকালে কেবল এক হিন্দু ধর্ম ব্যতীত অন্য কোন ধর্ম প্রচলিত হিল না। সেই ধর্মের বীজ বেদ, সেই বেদ চারি অংশে বিভক্ত, অর্থাৎ শ্যাম, ঋক, যজুঃ, অথর্ব । পরে যজাতি রাজার বংশ কর্মদোষে দ্রেচ্ছত্ব প্রপ্তি হওয়াতে উক্ত বেদের চতুর্থাংশ অথর্ব যাহ। (আয়নলহক) নামক মহম্মদীয় ধর্ম শাস্ত্র, তাহাই সেই যবন জাতির অধিকার হয়, যদিচ সেই আয়নলহক বৈদান্তিক মতানুষায়ী বটে, কিন্তু এক্ষণে কোরাণের প্রাত্ত্র-ভাবে এবং ত্রতাবলম্বীদিগের দৌরাত্মে তাহাও বিলুপ্ত হইয়াছে।

থয় প্রশ্ন। খ্রীন্টিয় ধর্ম প্রচলিত হওয়ার কারণ কি ?
থয় উত্তর। পূর্বকালে এই ভারতবর্ষ স্বাধীন থাকাতে
কেবল এক হিন্দু ধর্ম মাত্র প্রচলিত ছিল, এবং সর্বকাধারণ
লোকেরই ধর্মপরায়ণতা প্রযুক্ত তিষয়য় অধিক বাদার্
বাদ ছিল না। পরে কালক্রমে ইহা বিজাতীয় রাজবর্গের অধিকার ভুক্ত হওয়ায় ক্রমশঃ মহম্মদীয় ও খ্রীন্টিয়
প্রভৃতি বিজাতীয় ধর্মের আম্পদ হওয়াতে কিয়ৎ কালাবাধ তিরিয়য়ে নানা প্রকার তর্ক বিতর্ক উপস্থিত হইয়াছে। বিশেষতঃ ইংরাজদিগের অধিকার অবধি মিসনার সাহেবেরা হিন্দুদিগকে খ্রীষ্ট ধর্মাবলমী করিবার
অভিপ্রায়ে, পৌরাণিক ইতিহাসের প্রতি মিথাা দোষা
রোপ করত সনাতন হিন্দু ধর্মের মানি করাতে, ইংরাজ

ভাষায় ক্তবিদ্য মুবক গণের মধ্যে কেহ কেহ শাস্ত্রের ভাৎপর্য্যের অনভিজ্ঞতা প্রযুক্ত ঐ অমূলক মিথ্যা গ্লানিকে বংগার্থ বোধে পবিত্র হিন্দুধর্ম একেবারে অগ্রাহ্থ করিয়া শ্রীষ্টিয় ধর্ম অবলম্বন করিতেছেন।

৪র্থ প্রশ্ন। ত্রান্দ ধর্ম কি প্রকারে প্রচলিত হইয়াছে? ৪র্থ উত্তর। ত্রাহ্ম ধর্ম এক্ষণে যাহা প্রচলিত দেখি-তেছ, সে আদে অলীক, কেবল কপটতা মাত্ৰ। অৰ্থাৎ কিছুকাল পূর্ব্বে বহুবিদ্যা বিশারদ রাজা রামমোহন রায়-মামক এক ব্যক্তির সকল ধর্ম শাস্ত্রে বিশেষতঃ হিন্দুধর্মে বিলক্ষণ ব্যুৎপত্তি ছিল। তিনিই সর্ব্ব শাস্ত্রের সার এহণ * করিয়া সকল ধর্ম্মের একই তাৎপর্য্য অর্থাৎ অভেদ জানিয়া প্রকৃত ব্রন্ধজ্ঞান লাভ করিয়াছিলেন। সংসারাশ্রমে থাকিয়া জ্জপ সত্য ধর্মাবলয়ী ও নিত্য জ্ঞানাধিকারী আর কেছই হইতে পারেন নাই। তিনিই নিধুনী বিপ্রকুলে উদ্ভব হইয়া + স্বীয় জ্ঞানবলে রাজা এবং মৌলবি খ্যাভি প্রাপ্ত হইয়া অতুল সন্মানের সহিত একটী সভা স্থাপন করিয়া ত্রদ্ধ-জ্ঞান বিতরণার্থে নিয়ম বদ্ধ করত সাধারণের হিত সাধন ব্যুবয়াছিলেন। পরে তাঁহার জীবনান্তে তন্মতাবলম্বী কোন কোন ব্যক্তি সেই নিয়মটী রক্ষা করণার্থ সময়ে সময়ে সঙ্গী-তাদি আলোচনা করিয়া থাকেন মাত্র, ফলতঃ ব্রহ্মজ্ঞাম প্রাপ্তির উপায় বড় সহজ নহে। তদ্বিস্তারিত পশ্চাৎ বর্ণন ক্রবিব শ্রবণ করিলেই বুঝিতে পারিবে।

ে ৫ম প্রশ্ন। নাস্তিকতা মত কি প্রকার ? ে ৫ম উত্তর। নাস্তিকী ধর্ম বা শাস্ত্র-কিছুমাত্রই নাই, '

কেবল কতকওলৈ পাষও মনুষ্য একত্রিত হইয়া সাংসারিক ক্রোকলাপে বিরত হইয়া ওক্ত-প্রোহিত এবং জ্ঞাতি-বছনিগকে বঞ্চনা করণাভিপ্রায়ে যথেচছাচারী হইয়াছে। স্থাহারা ধর্মাধর্ম পাপ-পুণ্য কিছুই মানে না, এমন কি এই ৬ চ প্রশ্ন। প্রভো! যদি দাদের প্রতি রুপা করি লেন, তবে কোন্ ধর্মের কি ফল, এবং ঐ ফলোৎপত্তির বা হেতু কি, তাহা প্রকাশ পূর্মেক মানব জাতির আহি দূর করিতে জাজ্ঞা হউক?

বনা নাই।

৬ঠ উত্তর। যে কোন ধর্মে যাহার প্রদ্ধা থাবে তাহাতেই তাহার প্রস্ত্র সাধন হয়। যেহেতু চিত্ত-শুদ্ধি উপদেশ ও নীতি শিক্ষা বিষয়ে কোন শাস্ত্রেরই পরস্পাবিরোধ নাই। সকল প্রকার ধর্ম শাস্ত্রেরই এই তাৎপর্যা যে, বিশ্বের প্রেন্ডা, পাতা, এবং সংহার কর্তা যে পরমেশ্ব তিনিই আমাদিগের উপাস্ত; মনুষ্য হইতে কীট পত স্থাদি পর্যন্ত প্রাণী মাত্রকেই পীড়া দেওয়া অকর্ত্ব্যা সমস্ত জীবকে আত্ম-তুল্য জ্ঞান করিয়া দয়ার্দ্র হলতে তাহাদিগের যপ্রসাধ্য উপকার করা কর্ত্ত্ব্যা। অনিষ্ঠ জনক কর্মাই পাপ, ও হিতকর কর্মাই পুর্য়া। পরমেশ্ব পাপের দণ্ড এবং পুণ্যের পুরস্কার করেন, সত্যই ধর্মে প্রধান অঙ্গ। অতএব ধর্ম্ জ্রেট হণ্যাই হৃষ্য। কো এক ধর্মের অনুগামী হইয়া ধার্মিক হইলেই জীবে

দৈশাতি হইবার সন্তাবনা। কিন্তু পরম পদ যে মুক্তি ছাহা হিন্দু শাস্তাবলয়ন ব্যতীত লাভ করিবার আর কোন উপায়ান্তর নাই। যেহেতু অবিদ্যা-জনিত দেহাত্ম বোধই দেহের কারণ। অতএব দেহ উৎপত্তি নিবারকার্থ সেই মিথ্যা ভানের নিরাশ অপেক্ষা করে। তরিবারণের উপদেশ হিন্দু শাস্ত ভিন্ন অন্যত্ত নাই, যদিও
মুসলমান দিগের মধ্যে বৈদান্তিক মতানুযায়ী ''আয়নলক্লেম্নামে এক ধর্মশাস্ত ছিল, পূর্কেই বলিয়াছি এক্ষণে
তাহা লোপ হইয়া গিয়াছে।

হিন্দু শাস্ত্র।

। ৭ম প্রশ্ন। এক্ষণে অনেকেই হিন্দুশাস্ত্র কণ্টক বন অর্থাৎ ভ্রান্তিমূলক বিবেচনায় অগ্রাহ্য করিয়া থাকেন, ইহার কারণ কি?

৭ম উত্তর। বাপুছে! আমাদিগের হিন্দু শাস্ত্র, বাইবেল এবং কোরাণের ন্যায় একখানি পুস্তক নহে,যে তন্মাত্র
পাঠ করিলেই শাস্ত্রজ্ঞ হওয়া যাইতে পারে; বিশেষতঃ
উত্তম, মধ্যম, অধম, ত্রিবিধ অধিকারী ভেদে বিশেষ
বিশেষ নিয়ম সকলও নির্দিষ্ট হইয়াছে, এবং লোকের
প্রস্তুতি অনুসারে কতক বিষয় পরক্ষরূপে লিখিত হইয়াছে ও অনেক অর্থনাদও ঘটিয়াছে। এই সকল কারন
বশতঃ প্রকৃত তাৎপর্যারূপ রত্ন সকল শাস্ত্রামূধির গর্ভে
নিহিত রহিয়াছে। স্তরাং বহু পরিশ্রম ও অনেক
অনুসন্ধান পূর্ব্বক শাস্ত্রসাগর মন্ত্রন ব্যতীত তাহার যথার্থ
ভিথিগ্য প্রাপ্তির সন্তাবনা নাই। অতএব ধর্মাবগত
ভিইতে না পারিয়া তাহাকে ভ্রান্তিমূলক বলিয়া অগ্রাহ্ন

দোষীবলার ন্যায় অতিশয় অনুচিত কার্য্য তাহাতে সন্দেহ নাই।

গাণপত্যের মত।

৮ম প্রশ্ন। আমাদিগের হিন্দুধর্মের অন্তর্গত উপা-সনা বিষয়ে শাক্ত, শৈব, বৈষ্ণব, সৌর, গাণপত্য প্রভৃতি বহুবিধ উপাসক ও নানা প্রকার ধর্মাচরণ দৃষ্ট হইতেছে, তদ্বিস্তারিত কিঞ্চিৎ বর্ণন করিতে বাঞ্ছা করি, যদি প্রবণে স্থান প্রদানে আজ্ঞা হয়।

৮ম উত্তর। তুমি যে স্বজাতীয় ধর্মশাস্ত্রের দোষ শুণ বিবেচনা করিবার নিমিত্ত ঐ শাস্ত্রের অভিপ্রায় জানিতে ইচ্ছুক হইয়াছ, ইহা হইতে অধিক প্রশংসনীয় কর্ম আর কি হইতে পারে, তরিমিত্ত তোমাকে সাধুবাদ দিলাম। এক্ষণে তুমি যাহা ইচ্ছা বর্ণন কর, আমি মলো-যোগ পূর্বক প্রবুণ করিতেছি।

নম প্রশ্ন ।—ত্রিপদী ।
কেই বলে গণপতি, পরম ব্রহ্মেতে উৎপতি,
সৃষ্টির পূর্বেতে তাঁর জন্ম ।
তেঁই অগ্রে পূজ্য হন, লয়োদর গজানন,
সাধিলে সুসিদ্ধি সর্বে কর্ম ॥
মারণে বিদ্ন বিশাশ, পূর্ণ হয় অভিলাম,
হেন দেব নাহি ত্রিজগতে ।
মজহ গণেশ পদে, জন্ম যাবে নিরাপদে,
সংশ্রে না কর কোন মতে ॥
সিদ্ধিদাতা নাম তাঁর, অপারে করেন্ন পার,
মিছে যোর সংসার জঞ্জালে ।
সদা লহ সেই নাম, পূর্ণ হবে মনস্কাম,
মোক্ষধাম পাবে পরকালে ॥

দৌরের মত।

কেছ বলে দিবাকর, পূর্ণ ত্রন্ধ কলেবর্র, চরাচর ব্যাপ্ত সে কারণে। সৃষ্টির কারণ কর, পালনেতে স্তুতৎপর, সংহারেন প্রখর কিরণে।। জগতের হিত হেত্, বার মাস ছয় ঋতু. বার তিথি নক্ষত্রাদি সব। নব গ্রন্থ যোগ রাশি, উদয়াস্ত দিবানিশি, সকলি ভাঁহাতে অনুভব॥ রবির কিরণে জল, জলেতে জনমে স্থল, তাহাতে হইল ত্রিভুবন। সর্ব্ব জীব হিতে রত, 🥒 👨 শস্ত্র রুক্ষয়ত, সীয় করে করেন সৃজন॥ তাহে জীয়ে জগজ্জন, আর দেখ যে কিরণ. জগতের অন্ধকার নামে। তপন মহিমা যত , আমি তা কহিব কত, ব্যক্ত আছে পুরাণ জ্যোতিষে।। ভঙ্গ সেই দিনপতি, সুচিবে সব তুর্গন্তি, রোগ শোক কিছু না থাকিবে। পূজা কর প্রভাকরে, তাঁহার তন্য় করে, কভু কর দিতে না হইবে।। রক্ত পুষ্প হর্কাদলে, রক্ত চন্দন মিশালে, দিনান্তে করহ অর্থ্য দান 🏗 প্রসর হবেম রবি, স্থাখেতে ভুঞ্চিবে ভুবি, অন্তে পাবে সুরলোকে ভান॥

ভৰছুান্তি-নিবারিণী।

বৈঞ্বের মত।

কেহ বলে বিফু ভঙ্ক, বিষ্ণুর চরণে মজ, বিষ্ণু হন অনাদি দেবতা। জন্ম মুত্র্য নাই তাঁর । একা লিপ্ত ত্রিসংসার, ভক্তজনে ভোগ মোক্ষদাতা॥ সৃষ্টি নাহি ছিল যবে, একাকী ক্ষিরদার্ণবে, বটপত্তে করেন শয়ন। সীয় দেহেতে উদ্ভব, করিয়া মধুকৈটভ, রণে তারে করেন নিধন॥ তাহার মাংসেতে ক্ষিতি, তাহে যত উৎপত্তি, পুরাণাদি সর্ফ শাস্ত্রে কহে। সর্ব্য দেশ শ্রেষ্ঠ হন, পূর্ণত্রন্ধ সনাতন, সর্বব্যাপি কভু মিখ্যা নহে॥ বিফু বেন্ধা বিফু শিব,বিফু হৈতে সর্ব্ব জীব, মহা বিফু জগতের পিতা। নির্ভণ ত্রিগুণাধার, সাকার সে নিরাকার, সাক্ষ্য দেখ পুরাণাদিগীতা॥ মত্য লোকে সুরধুনী, পতিতপাবনী যিনি, স্পর্শ মাত্রে পাপী মোক্ষ পায়। সর্ক্ষ তীর্থময়ী হন, শিবের মন্তকে রন, ভাঁহার উদ্ভব যাঁর পায়॥ মহা বিফুর মহিমা, সর্ব্য শাস্ত্রে নাহি সীমা, এক মুখে কে করে বাখান। সহ স্বীয় সঙ্গীগণ, পঞ্চমুখে পঞ্চানন, সদা গান বিষ্ণু গুণগান॥ আমার বচন ধর অন্য ধর্ম ত্যাগ কর, লছ সেই বিষ্ণুর শ্বরণ।

বৈরাগ্য আশ্রম লও, বিষয়ে বিবেকী হও,
তবে ভবে হইবে তরণ॥
শরীর রক্ষার জন্য, ভিক্ষা দ্বারা হবিষ্যার,
দিনান্তেতে বারেক ভক্ষণ।
তুলসী চন্দন সনে, ভক্তিভাবে স্যতনে,
বিফু পূজা কর অনুক্ষণ॥
শুদ্ধ চিত্তে বেদাচারে,পূজা করে যে তাঁহারে,
দেই যায় ভবিসিদ্ধু পারে।
সর্ব্ব পাপ বিমোচন, করি জন্ম নিবারণ,
বৈকুপেতে স্থান দেন তারে॥
চত্তু জি পীতাম্বর,
স্কাপ করেন সে সাধকে।
যদি তাহে লোভী হও, শ্রীনাথের নাম লও,
জয়ী হও ইহ পরলোকে॥

শৈবের মত।
কেহ বলে কৃত্তিবাস, কৈলাস পর্বতে বাস,
ত্রিজগতেশ্বর ত্রিলোচন।
আনাদি অনন্ত হন, নাহি জনম মরণ,
আত্মারপে সর্ব্বে জীবে রন॥
যত্র জীব তত্র শিব, শিব ভিন্ন নাহি জীব,
শিবময় সকল সংসার।
দেবের দেবতা যেঁই, মহাদেব নাম তেঁই,
কুর্তা সেই করিতে সংহার॥
অন্ধার জনিত সৃষ্টি, বিফুর পালনে দৃষ্টি,
শিব হন সংহারে,নিপুণ।
বেন্ধা বিফু মায়াশক্ত, বিনাশে নহেন শক্ত,
মায়াতীত মহেশ নিগুণ।

অপর দেবতা যত, নিজ ভক্তে বিধিমত, মুখ স্বৰ্গভোগ দাতা সবে। কর্মকল অনুসারে, সুখ'তুঃখ ভুঞ্জিবারে, পুনঃ পুনঃ জন্ম দেন ভবে॥ লয় বিমা মুক্তি নহে, সে হেতু নিৰ্ব্বাণ কহে, পুনর্জন্ম যাহাতে না হয়। বেদাগমে এই উক্তি,দিতে সে নির্বাণ মুক্তি, শিব ভিন্ন কার সাধ্য নয়॥ স্বেচ্ছাচারে অবহেলে, গলা জলে বিলুদ্দে, বারেক যে দেয় প্রীচরণে। পশুপতি পঞ্চানন, পূৰ্ণব্ৰহ্ম সনাতন, অভিতোষ হন ভক্তজনে।। পুজিয়া সে মৃত্যুঞ্জয়, মৃত্যুকে করহ জয়, ্ পরাজয় হইবে শমন। শুন এই সার মৃক্তি, পাইবে নির্দ্ধাণ মৃক্তি, ভোলানাথে ভলনারে মন॥

শাক্তের মত।

কেহ বলে ভঙ্গ শক্তি,শক্তি বিনা নহে মুক্তি,
শক্তি ব্ৰহ্মময়ী বিশ্বকৰ্ত্তী।
শক্তি হংতে সৃষ্টি হয়, শক্তি হতে হয় লয়,
আদ্যাশক্তি নাম জগদ্ধাত্তী।।
শক্তি ব্ৰহ্মা বিফু শিব,শক্তি সৰ্বদেহে জীব,
শক্তিময় জগত সংসার।
একা শক্তি বিশ্বব্যাপি, চরাচরে শক্তিরূপী,
শক্তিহীন হলে শ্বাকার।।

শক্তি সকলের মূল, শক্তি ভূকা শক্তি স্থূল, সৰ্বভূতে আবিভূতা শক্তি। শক্তি ত্রিগুণা নিগুণা,পুনঃ সে শক্তি সগুণা, গুণভেদে হয়েন বিভক্তি॥ দেখহ পরমা শক্তি, ধরাতে ধৈরজ শক্তি, বিশেষ উদ্ভব শক্তি হয়। সলিলে শীতল শক্তি,অনলে দাহিকা শক্তি, অনিলে বাহিকা শক্তি কয়। তপনেতে তেজ শক্তি,শুন্যেতে ধারণা শক্তি, আকাশের শক্তি আকর্ষণ। ব্ৰহ্মাতে সুজন শক্তি, বিফুতে পালন শক্তি, শিবেতে সংহার শক্তি হন॥ সোমে মিগ্র কর শক্তি,জমে দণ্ড কর শক্তি, জীব দেহে মায়া পক্তি যিনি I দাতা দেহে দান শক্তি,গায়কেতে গাম শক্তি, সর্বশাস্ত্রে জ্ঞান শক্তি তিনি।। শক্তি সর্বগুণে ধন্যা, শক্তি জগতের মান্যা, শক্তি হন সংসারের সার। শক্তির উদরে জন্ম, শক্তিতে সংসার ধর্ম, শক্তি বিনা সব অন্ধকার॥ যেনা জানে শক্তি মৰ্থ,নাহি মানে শক্তি ধর্ম, শক্তিকে করয়ে অপমান। প্রহারে শক্তির অঙ্গে, চাতুরি শক্তির সঙ্গে, কটুবাক্য কছে অবিধান॥' বিরূপা তাহার শক্তি,নাহি থাকে পতি ভক্তি, গৃহ ধর্মে হয় অযতন। নাহি দেখে হিতাহিত, ব্যয় হয় অপ্রমিত, অচিরাতে দে হয় নির্ধন।।

শক্তি হন সচঞ্চলা, কদাচারী সদা ছলা, সপ্রবলা কথায় কথায়। তিলেক হা হয় সুখী, সর্ব্বদা অশেষ হুঃখী, অধ মুখ যথায় তথায় ।। তুষিতে আপন নারী, নানাবিধ কর্ম করি, উপার্জ্জন কর যে প্রচুর। ভাব এই অর্থ দ্বারা, সন্তোষিব স্বীয় দারা, তাহে ত্ৰঃখ হইবেক দূর॥ দেখহ শক্তির তরে, অশেষ কুকর্ম্ম করে, সদস্থ নাহিক বিচারে। পরাধীনতা চাকরী, মিথ্যা প্রবঞ্চনা চুরি, শক্তি লাগি যায় কারাগারে ।। যার গৃহে শক্তি সুখী, সর্ববদা প্রসন্নামুখী, দে জন না জানে ফুঃখ লেশ। কমলা তাহার ঘরে, স্থুখেতে বিরাজ করে, কভু নাহি হয় তার ক্লেশ।। শক্তি ধর্ম অর্থ কাম, মোক্ষ স্থান শক্তিধাম, শক্তি দেবা সর্বাদা যে করে। সদানন সেই জন, নহে তুঃখের ভাজন, সর্ব্ব স্থাব্দ ভবার্গবে তরে॥ শক্তির গুণ মহিমা, বেদাগমে নহে সীমা, আমি কিবা বর্ণিবারে পারি। শক্তিচরণ মাহাত্ম্যা, কিঞ্চিৎ জানিয়া তত্ত্ব, খারণ করেন ত্রিপুরারি॥ হলে শিরে দিয়া স্থান, পঞ্চাননে সদাগান, আদ্যাশক্তি গুণাণু কীর্ত্তন। শক্তির চরণ বলে, চতুর্ব্বর্গ করতলে, মৃত্যুঞ্জয় হন দে কারণ।।

ভক্তি কর শক্তিপদে, মত হও শক্তিমদে, ইন্দ্রিয় করহ পরাজয় । বশ হবে ষড় রিপু, অক্ষয় হইবে বপু, না থাকিবে শমনের ভয় ।।

রামায়তের মত।

কেহ বলে ভজ রাম, পূর্ণ হবে মনস্কাম, পূর্ণব্রহ্ম বিষ্ণু অবতার। দানব দলন জন্য, অবনীতে অবতীর্ণ, দ্যাম্য সংসারের সার ।। জন্ম লয়ে সুর্যাকুলে, বাল্যকালে বাহুবলে, তাড়কাদি বধিয়া যতনে। ব্রহ্ম ঐরি বিনাশিয়া, যজ্ঞ সম্পূর্ণ করিয়া, নির্ভয় করেন ঋষিগণে।। আর দেখ কিবা লীলা, চরণে মানবী শীলা, কাষ্ঠ তরী হল স্বর্ণময়। স্বীয় বাহু পরাক্রমে, সাসিয়া পরশুরামে, ফত্রকুল করেন নির্ভয়।। হরধনু করি চুর্ণ, সীতার মানস পূর্ণ, জয় করি জনকের পণ। বিমাতার মনস্কাম, পুরাইতে অবিরাম, বনে বনে করেন ভ্রমণ্ ।) স্থ শ্রীবেশ্মতালি করি,তারে দেন রাজ্যনারী, বালীরাজে করিয়া নিধন। স্থরপুরী রক্ষা হেতু, সংগরে বান্ধিয়া সেতু, লক্ষাপুরে করেন গমন।।

স্বর্গ মত্য ধরাধরে. কম্পিত যাহার ডরে. ত্রিলোকে অবধ্য যে রাবণ। তারে ধ্রংস করিয়া, জগতে অভয় দিয়া, করিলেন ভূভার হরণ।। হ্রষ্ট জনে প্রতিকুল, শিষ্ট প্রতি সানুকুল, বিভীষণে রাজ্য দেন তত্ত। রাবণে করি সংহার,রক্ষা করেন ত্রিসংসার, সীতা চুরি উপলক্ষ মাত্র।। রাবণারি রঘুবর, জগতের হিতকর, বারেক যে লয় রাম নাম। অন্তকালে অনায়াদে, মুক্ত হয় ভবপাশে, সে হেতৃ তারকত্রন্ধ রাম।। পুজিতে সে জীচরণ, স্বয়ং রুদ্র হন্ হন, সেবা করে সেবক হইয়া। রামের মহিমা যত, আমি তা কহিব কত, রামায়ণ মুতন করিয়া।।

বৌদ্ধের মত।

কেহ বলে জগন্নাথ, পদে কর প্রনিপাত, ভোগ মোক্ষ হাঁহার কুপায়। পূর্ণ ব্রহ্ম বোদ্ধাকার, ক্ষেত্র আনন্দ বাজার, বর্ণভেদ নাহিক তথায়।। নাহিক জাতি বিচার, সর্ব্ব বর্ণে একাকার, ° লমু খাক্র নাহিক সমন্ধ। দ্বাহা দ্বাহাব, শক্র মিত্র সম ভাব, সব্ব সুখী সর্ব্বদা আনন্দ।। অমাত্য ধজন লোক,মরিলে না করে শোক, কন্যা পুত্র পিতা মাতা জায়া। অনিত্য জানিয়া তায়, ফেলিয়া চলিয়া যায়, তথায় না থাকে মোহ মায়া॥ वोक्रज़ेशी जनार्फन, शांशी डेक्नांत कांत्रन, আবিৰ্ভাব হন উড়িষ্যাতে। বারেক হেরে যে জন, প্রসাদ করে ভোজন, জন্ম তার না হয় ভবেতে।। মহিমা কি কব আর, প্রসাদ কি চমৎকার, দিদ্ধ অন্ন নানা উপচারে। বিবিধ ব্যঞ্জন তাতে, পায়স পিষ্টক সাতে, বেচা কেনা বাজারে বাজারে॥ কেহ কারে নাহি চিনে,প্রসাদ আনায় কিনে, সবে দেয় সবার বদনে। এক পাত্তে সর্ব্ব জেতে, মিলে খান হরিষেতে, অবশিষ্ট রাখেন যতনে॥ সময়ান্তে বন্ধ্বাণে, কিয়া ত্ররারাধ্য জনে, দেখামাত্র আনি তাড়াতাড়ি। বাহির করিয়া সুখে, 🐪 এ দেয় উহার মুখে, প্রেমানন্দে সবে গড়াগড়ি॥ একাধারে দিনে রেভে,খাইলে ছত্রিশ জেতে, কভু কারো উচ্ছিষ্ট না হয়। লয়ে জায় দেশান্তরে, যতনে মন্তকে ধরে, অভক্তিতে নরক নিশ্চয়^{*}॥ চল আনন্দ বাজার, মন হবে নির্বিকার, সংশয় ঘুচিবে অনায়াসে। ভঙ্গ সেই জগবন্ধু, 'পার হবে ভবসিমু, আত মুক্ত হবে অষ্ট পাশে।।

গৌরাঙ্গের মত।

কেহ বলে সচৈত্ন্য, হবে যদি এচিতন্য, ভজ সদা নিত্যানন যোগে। গোরাঙ্গের নামায়ত, পান কর অবিরত, আরোগ্য হইবে ভব রোগে।। নরের উদ্ধার জন্য, নবদ্বীপে অবতীর্ণ, নিতাই চৈতন্য অবতার। আবির্ভাব বিফু অংশে, জন্মিয়া ত্রাহ্মণবংশে, বৈক্ষবত্ত্ব করেন প্রচার।। কলিযুগে নর যত, কলাচারী পাপে রত, -ধর্মাধর্ম না করে বিচার। নাহি হয় চিত্ত স্তদ্ধি, ভ্রমে করে পাপ রৃদ্ধি, অধর্দ্যেতে মজিল সংসার।। নরের দেখি দ্রর্গতি, শচী-স্থত শান্তমতি, মহাপাপী উদ্ধার কারণ। ছাডিমাতা পিতা জায়া,ত্যজি সংসারেরমায়া, করিলেন সন্ত্রাস ধারণ॥ শরীর সুধাংশু আভা,কটিতে কৌপীনশোভা, করে কমওলু আর আশা। অঙ্গে হরি নামাবলী, কক্ষতলে ভিক্ষা ঝুলি, কিবা রসকলি যুক্ত নাসা।। মস্তক মুওদ করি, শিক্ষা মাত্র তত্ত্পরি, মুখে হরিবোল মাত্র বুলি ! नामिवादत कूथा वर्गाधिनिका किका मटेंशेयिष, थ्यानत्म मना कुष्ट्रली।। আন্যাশক্তি রাধা সতী, এরফ গোলকপতি, হদিপদ্মে করিয়া স্থাপন।

অন্য চিন্তা পরিহরি, সুদ্ধ চিন্তা প্যারী হরি, যুগ তত্ত্বে সদা মত হন।। , ষ্ঠাবিয়া যুগল ভাব, উদ্ভব অদ্বৈত ভাব, ক্রমে হয় প্রাত্মভাব তারি। প্রকাশিয়া স্বীয় মত, দেখান সুগম পথ, উদ্ধার করিতে নর নারী॥ ্ অদ্বিতীয় অবতার, সহিমা কি কব তার, চমৎকার সংসার মাঝারে। যাহার বাসনা যায়, অনায়াসে তাহা পায়, বিনামূল্যে গোরাঙ্গ বাজারে॥ সংসারে স্থাধর মূল, স্ত্রী পুত্রাদি জাতি **কুল,** তাহাতে বঞ্চিত যেই জন। সে যদি প্রেমের সাতে,দাঁড়ায় গোরাঙ্গ পথে, হয় সর্ব্ব স্থাখের ভাজন।। ্প্রভুর আশ্চর্য্য খেলা, অগ্রদ্বীপে হয় মেলা, বৈষ্ণব বৈষ্ণবী অগণিত। कांगमानि गांगारमगी, वांचि लग्न रमवामानी, যাহার যে হয় মনোনীত।। গণপণ নাহি চাই, ঘটক কুলীন নাই, নাহি তথা বর কন্যাযাত্র। নাহি বাহুল্যতা ব্যয়, পাঁচ মিকি দিলে হয়, মালসা ভোগের জন্য মাত্র॥ কৈন ভাব অন্য মনে, চলহ আমার দনে, সেখানে দেখিবে কত রঙ্গ। ৰাহা চাবে তাহা পাবে,কোনতঃখ না থাকিবে সুপ্রসর হবেন গৌরান্ধ।। ৰুদিচ সম্বন নাই, হাওলাত মিলে ভাই। কৌজদারে বলে দেওয়াইব।

ভাবনা কি আছে তারঃ আমি হই ছড়িদার, ্মনোমত বাছিয়া লইব॥ বন্ধ্যা কিয়া পুত্ৰবতী, অধ্বা গৰ্ভিণী সতী. नका ज्वा यूनीना यून्त्री। ষাছে তব ইচ্ছা হবে,ইঙ্গিতে আমারে কবে, কর্মি বদলিয়া দিব তারি॥ আখডায় নাম লিখে. ঘরকরা কর সুখে, মহোৎদবে নিমন্ত্রণ হবে। গৌরান্ধের রূপা বলে, প্রতিপন্ন হবে দলে, অধর অমৃত দিবে সবে॥ ম্বণা না করিবে কেহ, নিষ্পাপ হইবে দেহ. প্রেমে চিত্ত হইবে নির্মাল। ঐহিক সুখের তরে, যাহা প্রয়োজন করে, बिशोतां प्रित्न मकल।। ষাত্রে কর সুখর্ভোগ,পশ্চাতে মুক্তির যোগ, ভোগ বিনা মোক্ষ কভু নয় ৷ স্থাধ বঞ্চিত যে জন, সদা তার ভোগে মন, যোক্ষ তার কি রূপেতে হয়॥ ভোগে সুখ অন্ত হয়, বৈরাগী তখন কয়, দারিদ্রেতে না হয় বৈরাগী। জঠর স্থালীর তরে, ভিচ্চা হেতু ভেক ধরে. বিধির বিপাকে সে বিবেগী।। **वितद्भाशी** यारे जन, अन जरन विज्ञन, সে জন কেমনে হয় ত্যাগী। অক্ষর ঐশ্ব্যা ধন, ত্যাগ করে যেই জন, দেই হয় ত্যাগী মহাযোগী।। यथार्थ देवजाती अन, शृद्ध क्रश मनाजन পরে লালা বার মহাশর।

এবে রাজা রাধাকান্ত,রাজ্য-মুখে হয়ে ক্ষান্ত,
লইলেন বৈরাগ্য আশ্রয় ।
অতএব মুখভোগ, বাদনা ভবের রোগ,
তাহা শান্তি হইবে যখন।
তখন করিলে যত্ন, প্রাপ্ত হবে মোক-রত্ন,
পুরাণেতে বিফুর বচন।।

কর্ত্তাভজার মত। কেহ বলে চল ভাই ঘোষপাড়া প্রামে 1 পাতকীর কর্তা সে ঈক্ষর ঘোষ নামে।। তথায় করেন বাস অদ্বৈত স্বভাব। সর্ব্ব জীবে হিতে রত ভেদাভেদাভাব।। একমনে এক ভাবে যে ভজে তাঁহারে ! সদয় হইয়া কর্তা উদ্ধারেন তারে ॥ কর্তার মহিমা দেখ কিবা চমৎকার। দর্শনমাত্রেতে নর হয় নির্ফিকার ॥ বাল্য রদ্ধ প্রোঢ় আর যুবক যুবতী। সধবা বিধবানুঢ়া ত্রাহ্মণের সতী।। নানা জাতি যায় সবৈ কর্তার ভজনে। । মহামন্দে মহোৎসব করে একমনে।। ধন পুত্র দৌভাগ্য আরোগ্য সুমন্ধল। যার যেই বাঞ্ছা কন্তা পূরান সকল।। উৎকৃষ্ট অপকৃষ্ট নাহিক বিচার। সর্বজনে একাসনে আহার বিহার।। ছোট বঙ্ জাতিভেদ নাহি তাঁর কাছে। কাঁচা পাকা দিদ্ধ অন্ন খাদ্য যত আছে।। সকলেতে ভক্তিভাবে আনিয়া যোগায়। কর্তার দন্মুখে রাখি চরণে দুটায়।।

ধ্যান পূজা মন্ত্র জপ নাহিক তথায়। কর্তার সন্তোষ হৈলে সর্ব্ব সিদ্ধি হয়।। ত্বহন্তে দকল ভক্তে দেয় তাঁর মুখে। প্রত্যক্ষ খায়েন কর্তা পরম কৌতুকে।। প্রসাদীয় বস্তু লয় সকলে বাঁটিয়া। কিছু খায় কিছু বাঁধে অঞ্চলে আঁটিয়া।। নিজ নিজ ঘরে গিয়া করি অনুরাগ। আত্মীয়বর্গকে দেন করিয়া বিভাগ॥ কৰ্তা খ্যান কন্তা জ্ঞান কৰ্তা-খণ গান ! কর্তার সন্তোষে স্বর্গ সশরীরে পান।। বিশেষ বিধবা নারী ত্রাহ্মণের ঘরে। যে যাতনা পায় তাহা জান পরস্পায়ে। ভাগ্যবশে কেছ যদি এক মন করে। প্রসন্ন হইয়া কর্তা উদ্ধারেণ তারে॥ ইহকালে অশেব সুখের নাহি সীমা। পরকালে মুক্ত হয় এমনি মহিমা॥ স্বেচ্ছামতে করিবেক ভোজন ভজন। তাহাতে নিন্দিত নাহি হয় কোন জন॥ আনন বাজারে জগন্নাথ যে প্রকার। তাহা হৈতে অধিকাংশ মহিমা কর্তার॥ বিফুর প্রসাদী অন্ন পুরীর ভিতরে। স্বৰ্ব জেতে কিনে খায় না চলে বাহিরে।। কর্তার নামেতে অন্ন সর্বত্ত চলন। যথা তথা খাও তাহে নাহিক বারণ।। সেখানে অধৈত ভাব কেবল ভোজনে। এখানে অদ্বৈত ভাব ভোজনে ভজনে ॥ সুখ মোক্ষদাক্তা কৰ্ত্তা জানিবে নিশ্চিত। একমনে কর্তা ভঙ্গ পাবে মনোনীত।।

১০ম প্রশ্ন।

এইরপে ব্যক্ত করে নিজ নিজ ধর্ম। লান্তচিত্তবশতঃ বুঝিতে নারি মর্ম॥ গুরুর চরণে করি কোটি প্রণিপাত। সকৌতুকে বিরচিল দ্বিজ চন্দ্রনাথ।। কপ্রে অধিষ্ঠান কর তৈলোক্যতারিণী। সম্পুরণ কর ভব-ভ্রান্তি-নিবারিণী।।

১ ° ম উত্তর। ঐ সকল বিবিধ দেব দেবীর নাম রূপ অর্থাৎ ন্ত্রী পুরুব উভয় নাম এক পরমেশ্বরেরই হয়, তাহা ভিন্ন ভিন্ন দেব দেবীর নহে। এবং বিবিধ প্রকার ষে উপাসনা করা যায়, সেও ভাঁহা ব্যতীত অন্যের নহে, উপাসনা ভেদে ফলের বৈলক্ষণ্য হয় না, তাহার প্রমাণ এবং কারণ পশ্চাৎ দশাইব।

শাস্ত্র সকলের পরস্পর অবিভিন্নতা।

্ ১১শ প্রশ্ন। শাস্ত্র সকলের পরস্পর বিরোধ হওয়ার ক্লারণ কি? অর্থাৎ বেদে অদ্যয়ত্ত্রন্ধ এবং তন্ত্রে ও পুরাণা-দিতে বিবিধ দেবদেবীর উপাসনা বিহিত হইয়াছে, ইহার ষ্মার্থ তাৎপর্য্য কি?

১১শ উত্তর। শাস্ত্র সকলে পরস্পর বিরোধ নাই,
ক্রেতদেশে বেদের একাংশ অর্থাৎ জ্ঞানকাণ্ড ব্যতীত অপর
ক্রুইকাণ্ডের বিশিষ্টরূপ প্রকাশ না থাকায় বেদের সহিত্রপুরাণাদির বিভিন্নতা থাকা তোমাদিগ্রের অনুমান হরণ
ক্রিডাদি তাবৎ শাস্ত্রেরই উৎপত্তি হইয়াছে। যদিও ঐ সকল শাস্ত্রেপর বিরোধ অর্থাৎ বিপরীত বিধান দৃষ্ট হয়,
তথাপি তাহার হেতু ঐ বেদ ব্যতীত অন্য কিছুই নহে। মক্রিড্যাপি তাহার হেতু ঐ বেদ ব্যতীত অন্য কিছুই নহে। মক্রিড্যাপি তাহার হেতু ঐ বেদ ব্যতীত অন্য ক্রিড্যান

নের গুণভেদে লোকের অধিকারভেদ হয়,এজন্য অধিকারী ভেদে পরস্পর বিপর্যায় নিয়ম নিরূপিত হইয়াছে, সুতরাং একের সহিত অন্য শাস্ত্রের বিরোধ দৃষ্ট হয়। বেদে যে প্র-কার কর্মকাণ্ড, উপাসনাকাণ্ড এবং জ্ঞানকাণ্ড আছে, পুরাণ এবং তম্ব্রেও দেইপ্রকার কর্ম্য, উপাদনা এবং জ্ঞান সম্বন্ধীয় উপ**দেশ দৃষ্ট হয়। বেদ, পুরাণ, তন্ত্র** ইত্যাদি সকল শাস্ত্রেরই প্রতিপাদ্য ব্রহ্ম। তদতিরিক্ত অন্য কোন দেবতার উপাসনা করিবার উপদেশ মুমুক্ষু জনগণের প্রতি কুত্রাপি দৃষ্ট হয়না। কায়মনোবাক্যে ভক্তিপূর্ব্বক পরাৎপর পরমেশ্ব রের উপাসনা করিয়া মনের শান্তিলাভ করিবার বিধান স্ব্ৰত দৃষ্ট হয়। তবে কেবল এইমাত্ৰ প্ৰভেদ যে, বেদ ষাহা বলিয়াছেন, পুরাণাদি তদাচরণের উপায় কহিয়াছেন যথা—বেদ এই আদেশ করেন, যে ''আত্মা বা অরে দৃষ্টব্যঃ শ্রোতব্যঃ মন্তব্যঃ নিদিধ্যাসিতব্যঃ।" অর্থাৎ অরে আত্মা প্রবণ, মর্শন, নিদিধ্যাসম দ্বারা সাক্ষাৎকার হইতে-পারে। কিন্তু বিষয়াসক্ত বেদানভিক্ত লোকদিগকে সেই শ্রবণাদি অনুষ্ঠাম করিবার উপায় পুরাণাদি নানা শাত্তে ক্ষিত হইয়াছে। তবে যে, শাস্ত্রে দ্বৈতাদ্বৈত মতের এক বিবাদ আছে ঐ বিরোধ আমিও স্বীকার করি, কিন্তু দ্বৈতা দ্বৈতমতঃ পদে এমত বিবেচনা করিও না যে,কেহ প্রমে-খরের তুল্য ভূন্য কোন পুরুষের স্বস্ত্বা স্বীকার করেন, বিদ্যানত। মানেম। উক্ত হে প্রাপ্তেটিক স্থলনেহ এবং তত্ত্বস্থ N জাই, কেবল আত্মার আবি-

কাং, কেবল আত্মার আবিকাতের চেফার কোবিভাব ও

ময় বাষ্পযন্ত্র স্বভাবতঃ জড়

চ্যাদি শক্তি বিশিফ হইয়া
ভাব হইবামাত্রেই অচল হয়

ক্তুদ্রপ আত্মার সত্ত্বাহেতু সর্ব্বেন্দ্রিয়ের চেন্টা জন্মিরা নানা ক্রম্ম সম্পাদিত হয়। কিন্তু আত্মা প্রস্থান করিলেই কাছা-হ্বও স্পন্দ থাকে না। অতএব আত্মা থেঁ ভৌতিক পদার্থ-ৰহে, তাহাতে আর প্রমাণ অপেক্ষা করে না। পরস্ত কোন কোন ঋষি কারণের সহিত কার্য্যের অবিভিন্নতাজ্ঞানে 🙀 আত্মাকে চিদাভাষ বলিয়া জীবোপাধি পরিত্যাগ প্রবর্ক জীবকে ত্রদ্ম স্বীকার করিয়াছেন। পক্ষান্তরে কেহ কৈছ কার্য্য কারণের পার্থক্য মানিয়া প্রমেশ্বর ছইতে জীবের ভেদ দর্শাইয়াছেন; ইহাতেই দ্বৈতাদ্বৈত মডের উৎপত্তি হইয়া ষ্ডুদর্শনে তুমুল বিত্তা উপস্থিত হইয়াছে। এবং শাস্ত্রের যে বিরোধ সে কেবল এই বিষয়ে জানিবে, ক্লিস্ত অদৈত মতই অধিকাংশ ঋষি গ্রাছ করিয়াছেন, এবং পুরাণ ও ভন্তাদি বহুতর শাস্ত্রও তদনুগামী। ফলে 🗣 বিত্রবাদীরাও উপাস্মের দ্বিত্ব স্বীকার করিতে পারেন নাই। ১২শ প্রশ্ন। জীব যে চিদাভায, ইহা অতি অসম্ভব ব্রুবাধ হয়, অতএব তাহার দৃষ্টান্ত কিছু দর্শাইতে আজ্ঞা

২২শ উত্তর। জীব যে চিদাভাষ, তদ্বিষয়ের একটী উদাহরণ দিতেছি প্রবণ কর। কোন ত্যোময় গৃহে দীপ আনয়ন করিবামাত্রেই তত্ত্ব সমুদায় পদার্থ দৃষ্টিগোচর হয়, তাহার কারণ এই যে, ঐ দীপশিধার আভা অর্থাৎ তাহার তেজোময় পরমাণু সমূহ উক্ত গৃহে বিকীণ হইয়া সর্বত্ত সংলগ্ন হয়, এই ছেতু তাবতের রূপ নয়নগোচর ছইয়া থাকে, অথচ দীপশিধার যে দাহিকা শক্তি আছে, ঐ সকল পরমাণুতে তাহার আবির্ভাব হয় না, তাহা হইলে বাফ্লাদি অনায়াসদাহ বস্তু উজ্জ্বল গৃহে কদাচ রক্ষা করা যাইতে পারিত না। তত্ত্বপ জীব চিদাভাষ হইরাও স্বরূপের শক্তি প্রাপ্ত হয়েন না।

১০শ প্রশ্ন । পুরাণ শাস্ত্রে যে সকল ইতিহাস লেখা আছে, তাহা এত অধিক অসম্ভব যে, কোন বুদ্ধি-মান ব্যক্তি তাহার সত্যতা বোধ করণে সক্ষম হইতে পারেন না, ইহার কারণ কি ?

১৩শ উত্তর। ঐ সকল ইতিহাস বাস্তবিক স্বরূপাখ্যান নহে, এবং তাহাকে ডদ্রপ বিবেচনা করিবারও উপদেশ শাস্ত্রে নাই। মনুষ্যের মন স্বভাবতঃ বিষয়াসক্ত, এ বিধার উহারা বৈষয়িক কথা ব্যতীত আর কিছুই গুনিতে ইচ্ছ করে না, এবং ওণের প্রভাবানুসারে ভিন্ন ভিন্ন লোক ভিন্ন ভিন্ন রসবিশিষ্ট উপাধ্যান ভালবাসে, যথা তমো-গুণের আধিক্যে আদিরস্ঘটিত, রজোগুণ প্রভাবে যুঘ বিগ্রহ সম্বীয়, এবং সত্তত্তেরে প্রাবল্যতায় ভক্তি ﴿ যোগাদি সম্পর্কীয় কথা অবণে ইচ্ছা জন্মে। এবং সর্কে ক্রিয়ের প্রকৃতি এই যে, তাহারা সতত স্ব স্ব বিষয়ে? পরিবর্ত্তন না হুইলে তপ্ত হয় না, এবং অধিকারীভেনে কর্ত্তব্যাকর্তব্যেরও বিধান আবশ্যক হইয়াছে, স্নতরা সর্ব্ব লোকের মনোরঞ্জনার্থ সর্ব্বকালে সর্ব্বদেশীয় পণ্ডি তেরা অপ্রাণীতে প্রাণারোপ করিয়া, মানা রসযুত্ত প্রস্তাব অলম্কৃত, উপমিত, এবং রূপক ও পরোক্ষ বাকে গদ্য পদ্যেতে রচনা করিয়া থাকেন। তৎপাঠে উত্তম মধ্যম, অধম এবং বালক, যুবা, বৃদ্ধ এই নানাবিধ লোব স্ব স্ব চিত্তোল্লাস লাভ করে, বহু প্রকার হিতোপদেশ প্রাপ্ত ছুঁর, বাগ্বিন্যাসাদি শিক্ষা করে, কাহার সমস্কে কি কর্ত্তব এবং কোন ধর্মের কৈ ফল, তাহাও জানিতে পারে তন্নিমিত খ্রীষ্ট এবং মাহাম্মদীয় ধর্ববশাস্ত্রেওঁ অন্মদাদিং পৌরাণিক ইতিহাসের ম্যায় অনেক অদ্ভুত ঘটনার বর্ণন আছে, তাহার তাৎপর্য্য কেবল তত্ত্বপলক্ষে জগদীশবেঃ গুণানুকীর্ত্তন দারা ভক্তির উদ্রেক করা ভিন্ন আর কিছু

ইহা বেদ্ব্যাস ভাগবতের প্রথম ক্ষন্ধে সপ্তমা-ষষ্ঠ ও সপ্তম শ্লোকে স্পাইজপে ব্যক্ত করিয়াছেম। লে লিখিত আছে যে, জগদীখর দেটান নামক দৈ-সহিত তুমুল যুদ্ধকরত তাহাকে নিরয়গামী করিয়া-মেরি নামী কন্যাতে আসক্ত হইয়া খ্রীট নামক ২পত্তি করিয়াছেন,খীফের ব্যাপ্টাইজ অর্থাৎ দীক্ষা-ঘুদুদেহ ধারণ করিয়া তাহার মস্তকোপরি অবতরণ ছিলেন, এবং ঐ খীষ্টমূর্ত্তিতে অবতীর্ণ সইয়া কেবল দারা কুন্ঠরোগ পর্যান্ত আরোগ্য করিয়াছিলেন, এবং কর্ণদ্বয় বিকশিত ও অক্ষুরিত বাক্য ক্ষুট করিয়া-া, এবং প্রাণদানে মৃতদেহ সজীব করিয়াছিলেন, াস রোটিকা এবং হৃইটী মৎস্ত দ্বারা অরণ্যমধ্যে পঞ ব্যক্তিকে পরিতোষরূপে ভোজন করাইয়াছিলেন, ধির উপরে পদত্তজে গমন করিয়াছিলেন, এক পর্ব্ব-রি তেজরপী হইয়া পূর্বস্বৃত মোজেস্ এবং ইলায়াস ভবিষ্যদ্বক্তাদ্বয়ের সহিত কথোপকথন,এবং আকাশ-ারা খ্রীষ্টকে পুত্রস্বীকার করিয়াছিলেন। অপর সাধু-া অসাধারণ ক্ষমতা বর্ণনোপলকে উক্ত হইয়াছে যে, দ্ নামক ভবিষ্যদ্বকা মিদার দেশাধিপতি কেরোর এক যন্টিকে দর্প করিয়াছিলেন,আর দেণ্টপিটারের নায় আনেরিয়াস্স্বীয় কলত্ত সহিত শমন ভবন চরেন, এবং ঐ পিটারের বরে এক খঞ্জব্যক্তি গতি-প্রাপ্ত হইয়াছিল, দেউপাল এক পদ্পুকে আরোগ্য কবল একবাক্যে অর্থাৎ অভিসম্পাত দ্বারা ইলায়াস্ মায়াবীকে অন্ধ করিয়াছিলেন। দন্তর মাহাম্মনীয় ধর্মশাস্ত্রে যে সকল অদ্ভুত ঘটনা আছে, তাহা বলিতে হইলৈ অধিক সময় অপেকা ।নিষিত্ত কেবল একটী ইতিহাসের সারোদ্ধার করিয়া

বলিতেছি, বাইবেলে মোজেদের যঞ্চির যেরূপ অদ্ভূত 🕫 বর্ণিত হইরাছে, মাহাম্মদীয় ধর্মশাস্ত্রেও তাহার প্রদর্ম আছে, যথা—মুসা (মোজেস) ফেরুণের অর্থাৎ কেরেক সন্মুখে স্বীয় ষষ্টি নিক্ষেপ করিবামাত্রেই তাহা অশীতি গন্ধ পরিমিত দীর্ঘাকার এবং শত শত দন্তযুক্ত বদন হস্তীর ন্যায় চরণ, ও শরতুল্য সপ্ত সহস্র লোমবিশিষ্ট এক সর্প হার তদুমন্তর অন্য এক দিনে স্থানান্তরের সভাতে ঐ যৃষ্টি প্রাই মুণ্ডে সপ্ততি সহস্ৰ মুখযুক্ত সপ্ততি সহস্ৰ মন্তক্বিশিষ্ট রুঃ 🕻 সর্পাক্ষতি ধারণপূর্বক চতুঃসহজ্র ঐন্দ্রজালিককে পুচ্ছ দ্বাৎ বেউন করত গ্রাস করিয়া, ফেরুণের বাটী শূন্যে নিঃদেৎ করিয়া মুদার স্পর্শমাত্রই স্বভাবপ্রাপ্ত হয়। অপর ঐ ১৫ নার পূর্বের এক দিবস উক্ত মুসাকে ত্বদীয় চকমকি বল্বি যে, তোষাকে অগ্নি দিতে খোদার আজ্ঞা নাই, তৎশ্রবণ্ ন্তর নেতুর নামক পর্বতে গিয়া পরমেশ্রকে কুল রুগে ন্যায় অগ্নিরাশি দর্শন করে, উক্ত অগ্নিতে স্বীয় যথি সংগ করাতে, ভন্মধ্যে অগ্নির প্রবেশ হয় নাই, এবং তাহ[‡] কাষ্ঠপাত্নকান্বয় বিচ্ছু, অৰ্থাৎ হিংস্ৰজস্তুবিশেষ হইরাছি সময়ান্তরে ইজুরাইলের বংশ যাহার সংখ্যা বালক যোষিৎ ব্যতিরিক্ত, কেবল পুরুষই ছয় লক্ষ ছিল, তা দিগকে লইয়া উক্ত মুসার নীল নদী পার হওনকা কেরুণ দদৈন্যে তাঁহার পশ্চাকাামী হইলে, মুসার ঘর্ষ ষাতে মদীর জল বিভাগ হইয়া বহু বজু হইবায়, তাহা সকলে পার হুইয়া যায়, কিন্তু ফেরুণ মিজ দলবল সা জলমগ্রহয় |

সাম রাজ্যাধিপতি আনকের পুত্র এওজের শা ১০০১ গজ দীর্ঘ ছিল,মুঃ অর্থাৎ নোয়া প্রগম্বরের স্মা জলপ্লাব্বে তাহার শ্রীর রক্ষা হইয়াছিল, সমুদ্রের ভাহার জাত্রর উর্দ্ধে উঠিত শা, সে সাগ্রে মৎস্য ধা

র্ত্তামণ্ডলে ভর্জন করিয়া ভক্ষণ করিত, তাহার বাস-📆 ন দাড়িয় ফলের একটা বীজমাত্র দশ্ব্যক্তির আহা-ক্লাপযুক্ত হইত,এবং সমুদ্য় বীজ স্থানান্তর করিলে,তাহার মুক্তের মধ্যে দশ জনের বাসস্থান হইত, ইজরাইলের বংশ শার এবং হারুণের সমভিব্যাহারে, ঐ এওজের বিরুদ্ধে 🕦 করিতে গিয়া ভয়ে পলায়ন করাতে,মুসার শাপে চলিশ ব**ং**সর যাবৎ তাহাদিগকে একই ক্ষেত্রে অবস্থিতি করিতে ছইয়াছিল, মুদার যন্ট্যাঘাতে উক্ত এওজের মৃত্যু হইলে, তাহার দেহ চল্লিশ বৎসর যাবৎ রণভূমিতে পতিত থাকে, তদ্বতার তাহার মেরুদ্ও নীল বদীর দেতু হইয়াছে। কোলেমান রাজা সৈতুন রাজ্যাধিকারীর সহিত যুদ্ধ করণার্থে হামুযানে সলৈন্যে গমন করিয়াছিলেন, ঐ সৈত্রন রাজ্যে স্থুবর্ণময় ব্যাহ্রদ্বয় বিচার নিষ্পত্তি এবং দোষীকে ভক্ষণ ক-রিভ। সোলেমানের আদেশে বায়ু কর্তৃক **একুমুক্টি** ছত্তিকা **লৈছ**নাধিপতির চক্ষে নিঃক্ষিপ্ত হইবায় তাহাঁর মৃত্যু হয়। ইবা খোলাসাতল আদিয়া নামক পুস্তকে লিখিত হইয়াছে। · অতএব যে সকল খ্ৰীষ্ট ও মাহামদীয় ধৰ্মাবলয়ী মহা-শল্পেরা, পৌরাণিক ইতিহাস উপলক্ষে হিন্দুধর্মের মানি ক্রেন, তাঁহাদিগের সমন্দে শৃগালপঞ্চক নামক এন্থের এই প্রান্তির বচনটা উদান্তত হইতে পারে, যথা—''আতাছিদ্র ক্ষানাতি পরছিদ্রানুসারিণী।" বরং অমদাদির পুরাণ শাল্যে, তদতিরিক্ত এই অসাধারণ গুণপুণা দেখা যায় যে, কোন প্রস্তাবই প্রায় অধ্যান্ত পক্ষ ছাড়া নহে, এবং এই সংস্থারচক্র যে ঐ্বিক লীলামাত্র, ইহা স্পর্টরূপে প্রদর্শিত ক্রোছে, এ প্রযুক্ত পুরাণ সকল, মুক্ত, মুমুকু এবং বিষয়ী 🌉 ধ লোকের শ্রবণযোগ্য অর্থাৎ অধিকারীভেদে পুরাণ্ স্থিম শ্রবণীয় জানিবে।

কোন ধর্ম আশু ফলপ্রদ।

১০শ প্রশ্ন । উপাসনাবিষয়ে যে বিবিধ দেব দেব ।
ভিন্ন ভিন্ন আচার বিহিত হইয়াছে, তন্মধ্যে কোন্ দেল্ল
ভার উপাসনা করিলে অচিরাৎ মুক্তিলাভ হইতে পারে
১০শ উত্তর । কলিযুগে শাক্তধর্ম অর্থাৎ তাদ্রি
উপাসনা ব্যতীত অন্যান্য উপাসনা বিফল জানিং
ইহার প্রমাণ "আচারভেদ তত্ত্বে" যথা,—

ক্কতে শ্রুনত্যাক্তমার্গংস্থাৎ ত্রেভ:রাং স্মৃতিভারতে। দ্বাপরেতু পুরাণোক্ত কলাবার্গমসন্মৃত॥

ষেহেতু সভ্যয়ুগে মিখ্যা বাক্য ব্যবহার না ধাং প্রযুক্ত চারিপাদ ধর্ম ছিল, তঘশতঃ মনুষ্যের লক্ষ ব আয়ু এবং মৰ্জ্ঞাগত প্ৰাণ ছিল, এনিমিত শ্ৰুতি অৰ্থ বেদবিহিত তুঃদাধ্য কর্মদাধনে দক্ষম হইত। ত্রেতায়ু একপাদ অসত্য ব্যবহৃত হওয়াতে একপাদ ধর্মহানি হ মনুষ্যের পরমায়ু দশসহস্র বর্ধ এবং অস্থিগত প্রাণ ছিং তৎকালে স্মৃতি ও ভারতের মতে কর্মকাণ্ড করিয়া ব কায়ক্লেশেও ফলপ্রাপ্ত হইত। পরে দ্বাপর যুগে হুইপ অসত্য প্রবেশ হওয়াতে ধর্মের অদ্ধাংশ হানি হও প্রযুক্ত মনুষ্যের সহস্র বৎসর আয়ু এবং মাংসগত প্র ছিল, ঐ সময়ে পৌরাণিক মতে কর্ম করিবার বিধান ছি কলিযুগে পাদমাত্র সত্যকৃ এবং ত্রিপাদ অসত্য ব্যবহা ' ধর্মত একপাদমাত্র ঐ সত্যের উপর অবলয়ন করেন, নিমিত্ত মনুষ্টের আয়ুর সংখ্যা অত্যাপ্প এবং অন্নগত প্র হইয়াছে। ততৎকালে ঋষিগণ দীর্ঘকাল অনাহারে দে কফ সহ করত পশাচারে ধর্মকর্ম সাধন করিতেন, বিশে ষতঃ সত্য, ত্রেতা, দ্বাপর,তিন যুগে কুলাচার অর্থাৎ শা ধর্ম প্রম গোপনীয় ছিল, ত্রিমিত নারদাদি ঋষিণ

কলোচারী হইরাও শাক্তধর্ম গোপনার্থে শৈব এবং বৈষ্ণত্ত্ব প্রকাশ করিতেন, ইহার প্রমাণ 'সম্রাচারতত্ত্বে' স্পর্ট নপে প্রকাশ আছে, যথা—

্ষন্তঃশক্তি বৃহিংশৈব সভায়াং বৈক্ষবামতাঃ। ্দানাবেশধ্রাঃ কে]লাবিচরন্তি মহীতলে।।

প্রার ।

মহানিৰ্ব্বাণ তম্বেতে শিবৰাক্য যাহা। ভবভান্তি ছেদনার্থে প্রকাশিব তাঁহা ৷৷ সত্যের অধীন ধর্ম সৎকর্ম সকল। সত্যহীনে পূজা জপ সকলি বিফল।। একারণ শিব আজ্ঞা প্রবল কলিতে। সত্য ব্রতে শাক্তধর্ম প্রকাশ করিতে।। মিখ্যা না কহিলে ধর্ম গোপন না হয়। মিখ্যা বাক্যে সত্য নাশ কি আর সংশয়। সেই হেতু শাক্তধর্ম করিবে প্রকাশ। সত্যবাদী শিববাক্য নহে উপহাস॥ শাক্তধর্ম গোপন করিতে যত তন্ত্র। বিহিত আছ্য় নানাবিধ মন্ত্ৰ যুদ্ৰ।। সে সকল সত্য ত্রেতা দ্বাপর যুগেতে। কলিযুগে সে বিধান মহে কোনমতে।। সত্যযুগে পাপহীন চারিপাদ ধর্ম। ত্রেতায়ুগে একপাদ প্রবেশে অধর্ম।। षां भरत विभाग धर्म विभाग अधर्म। বেদাচারে কুলাচারে করিতেন কর্ম্ম ॥ বেদাচার কর্মফলে সংসারেতে ভোগ। কুলাচার কর্মেতে ঈশ্বরে হয় যোগ।।

ভূই ধর্ম দিদ্ধি ছিল দে সকল যুগে।
কলিযুগে একপাদ ধর্মমাত্ত ভোগে।।
ভোগের প্রধান পঞ্চতত্ত্ব কুলাচারে।
প্রকাশে নিষেধ নাই সত্য অনুসারে।।
বেদমতে ধর্ম কর্ম পখাচার বাধ্য।
কলিযুগে পখাচার দরের অসাধ্য॥
জলে জলচর স্থত পোমাংস সন্তব।
মধুকৈটভের মাংসে শস্তাদি উদ্ভব॥
নিরামিষ্য বস্তু কিছু নাই পৃথিবীতে।
পখাচার ভ্রস্ত হয় কিঞ্চিদাহারেতে॥
আহার ত্যজিলে পখাচার সিদ্ধি হয়।
কিন্তু অনশনে প্রাণীর মরণ নিশ্চয়।।
অতএব কলিযুগে পখাচার নাই।
23039.
পঞ্চ তত্ত্বে শক্তিদেবা করহ সবাই॥

আর দেখ দিজ দেহে শাক্ত ব্যতীত শৈব কিয়া বৈয় বত্ব সম্ভবে না, ইহার কারণ বর্ণন করিতেছি এবণ কর।

নির্বাণ তক্তেতে উক্তি শিবের বচন।
পদ্য ছদে তার অর্থ কৈরু বিবরণ।।
চতুর্বেদে পৃজিতে গায়ত্রীরূপী যিনি।
বেদমাতা নাম তাঁর ত্রিবর্গদায়িনী।।
দাবিত্রী পরমাবিদ্যা ত্রিলোকের সার।
গ্রহণমাত্রেতে ভুদেবস্থ হয় তার।।
জপ কৈলে মারায়ণ ভুল্য হয় নর।
ব্রহ্মণ্যদেবের ভুল্য তার সমানর।।
ব্রাহ্মণ ক্রিয় বৈশ্য বৈদ্য শৃদ্ধ আদি।
সামান্য বর্ণ শক্তর কন বেদবাদী।।
সকল বর্ণের শুরুণ হয় সেই জন।
বেজম সাবিত্রী বিদ্যা কররে গ্রহণ।।

পূজা করিবেক নিত্য ত্রন্মচর্য্যাচারে I বহু ষত্নে ভক্তিভাবে বিভবানুসারে ॥ না পূজিলে অব্রাহ্মণ হইবেক সেই। বেদবিধি ধর্মে তার অধিকার নাই।। যেই দ্বিজ দশবার গায়ত্তি জপিবে। জন্মকৃত পাপ তার বিনা**শ হ**ইবে।। শতবার গায়ত্রী জপিবে যেই জন I পূর্ব্ব জন্মার্জিত পাপ তাহার মোচন। জপিবে গায়ত্রী যেই দশ শতবার। তিন জনাকৃত পাপ বিনাশ তাহার II তিন যুগ সত্য ত্রেতা দ্বাপর পর্যান্ত। কলিযুগে বেদমাতা অসাধ্য নিতান্ত। লক্ষ জপে পুরশ্চার করিবেন ধিনি। তাহাকে হবেন সিদ্ধা ত্রিবর্গদায়িনী॥ ধর্ম অর্থ কাম তিন বর্গের সাধন চারি বেদ এইমন্ত্র মাহাত্ম্য কারণ॥ ত্রন্দের যে রজ সত্ত্ব তমে। তিন গুণ। তিন গুণে তিন ভাবে সাবিত্রী নিপুণ । প্রাতঃর্মদ্ধ্যায়ে সায়ায়ে সন্ধ্যার বিধানে। জানেন সকল দ্বিজ গায়ত্রীর ধ্যানে।। কুমারী যুবতী হদ্ধা ত্রন্ধা বিষ্ণু শিব। ত্রৈকালিক যোগে এক উদ্ধারেন জীব। শক্তির সেবক দ্বিজ গায়ত্রী গ্রহণে। দ্বিজ সর্বেশাক্ত হন সেই সে কারণে। দ্বিজ দৈহে শৈব বৈফবত্ব নাহি হয়। শক্তির সাধনে শাক্ত কি আর সংশয়। ষে হেতু কলিতে পশাচার শাহি হয়। বামাচারে কেদমাতা অসাধ্যা নিশ্চয়।।

গন্ধর্ব তদ্ধের লিপি শুন বিবরণ।
দেবীর সাক্ষাতে যাছা কন ত্রিলোচন।।
মাছি খক্তি ছইতে উত্তম সাকারেতে।
অর্গ মর্ত্য রসাতলে ত্রৈলোক্য মধ্যেতে।।
অতএব শক্তির সাধক যে ছইবে।
কোনমতে অন্য দেব পূজা না করিবে।
যে ছেডু শাক্ত ছইতে নাহিক উত্তম।
অন্য পূজা করিলে সে ছইবে অধ্য।।
পতিত ছইবে দেহ দেবীর নিকটে।
তারিণীর কোপে মূঢ় পড়িবে শঙ্কটে।।
অতএব ধর্ম অর্থ কাম তিন বর্গ।
তাহাতে উপজে ফল সুখভোগ বর্গ।
বামাচার বিনা মোক্ষ কলিতে না হয়।
সেই ছেডু মহাবিদ্যা সাধ্যা স্থনিক্ষয়।।

সৃষ্টি প্রকরণ।

>৫শ প্রশ্ন। এই চরাচর জগত ব্রেদ্ধাণ্ড নখর, ইঃ শাস্ত্রকারেরাও কহিয়াছেন,এবং দৃষ্টও হইতেছে, এনিমি অনাদি বলিয়া বোধ হইতে পারে না, তবে এই জগ ব্রেদ্ধাণ্ড কি প্রকারে উৎপন্ন হইল ?

১৫শ উত্তর ।—পরার ।

সৃষ্টি প্রকরণ যাহা নির্ব্বাণ তদ্ভ্রেতে।
প্রকাশ করেন শিব দেবীর সাক্ষাতে।।
তাহার ষথার্থ অর্থ পদ্য বিরচনে।
বিস্তারিয়া বলি শুন সাধু সর্বজনে।।
নিরাকার এক ত্রন্ধ বেদাগমে কন।
স্বীয় শক্তি মারাবোগে গুণবান হন॥

মিতা । इन्या পুনঃ সতাণ নিশ্তিত। চণক আকার সেহ বল্কলে গোপিত।। বল্কলের মধ্যেতে সমান হুই ডাঁগ **।** প্রকৃতি পুরুষ হুই অংশে কাম্যাগ।। চিরদিশ কামভোগে বহু সুখোদয়। তথাপি শক্তির ইচ্ছা পূর্ণ না**হি হ**য় 11 বাসনা হইল বহু শরীর ধরিব। পুরুষ যোগেতে কাম সডোগ করিব।। সেই ইচ্ছাক্রমে অও প্রসবেন সতী। অও মধ্যে বিরাজেন পুরুষ প্রকৃতি।। অন্ত নাহি হয় অণ্ড ক্রমেতে উদয়। অনন্ত ব্ৰহ্মাণ্ড সংজ্ঞা তেকারণে হয় !! এক ব্রহ্মাণ্ডের মধ্যে যত কিছু দব। ক্রমেতে বলিব সর্বে কর অনুভব্।। অধভাগে সপ্তম পাতাল সংজ্ঞা হয়। উর্দ্ধে ক্রমে সপ্ত স্বর্গ জানিবে নিশ্চয়।। প্রথমে ভূলেণিক তদুর্দ্ধেতে ভূকলেণিক । স্বলোক তদূর্দ্ধে যথা বেদের অন্তক।। তদূর্দ্ধেতে মহালে কি পরম স্থাদর। তদূর্দ্ধেতে জনলোক অতি ভয়ঙ্কর॥ তদুৰ্দ্ধেতে তপলোক অতি স্থূপোভিড। তদূর্দ্ধেতে সত্যলোক পরম গোপিত॥ সত্যলোকে মহাকালী মহারুদ্র সহ। চণক আকার হুই অংশে এক দেহ॥ মহাজ্যোতির্ময় চক্র সূর্য্যাগ্নি স্বরূপ। ষেচ্ছাক্রমে পৃথিবীতে হন নান। রূপ।। তৃণাদি দেব পর্যান্ত সাঁকার যতেক। ব্রদাণ্ডের জীবসংখ্যা বর্ণিব কতেক।।

ব্রন্ধা বিষ্ণু শিব স্থরাস্থরাদি কিন্নর।
কীট পতস্থাদি পশু পক্ষ আর নর।।
রহদু ক্ষাণ্ডের মধ্যে যত কিছু জীব।
উপাধি বিভিন্ন সর্বের শক্তি আর শিব॥
কুলন্ত অগ্রির কণা নানা স্থান গতে।
নানা নাম ধরে ক্রমে পাত্র বিশেষেতে।।
রহদু ক্ষাণ্ডের মধ্যে যতেক বর্ণিত।
জন্যদেহে সে সকল আছ্য়ে নিশ্চিত।।
দেহে আর ব্রন্ধাণ্ডেতে কিছু ভেদ নাই।
ভুল স্ক্ষ ভেদ মাত্র জানিবে সবাই।।

ইহার বিশেষ প্রমাণ নির্বাণ তন্ত্রেতে উক্ত হইয়াছে। যথা।—আকাশাদ্যায়তেবায়ু বায়ুরুৎপদ্যতেরবি। । রবেহুৎপদ্যতে তোয়ং তোয়াহুৎপদ্যতেমহী। পঞ্চভূতৈশ্চ ব্রহ্মাণ্ডা ভবেয়ুপর্বতাত্মজে।।

অস্থার্থ। আকাশ হইতে বায়ুর উৎপত্তি হয়, বৃ হইতে অগ্নির উৎপত্তি, অগ্নি হইতে জলোৎপতি দৃ জল হইতে মৃত্তিকা অর্থাৎ পৃথিবীর উৎপত্তি হইয়ারে কিন্তু তন্ত্রান্তরে কম্পনা করিরা কহিয়াছেন যে, কেঃ একের গুণে উৎপত্তি নহে, পরস্পর পৈতৃক গুণ সংফে দ্বারা ভূতানির উৎপত্তি হয়, অর্থাৎ কেবল আকাশ হই বায়ুর উৎপত্তি, আকাশ এবং বায়ু উভয়ের সংযোগে অ উৎপত্তি, আকাশ এবং বায়ু উভয়ের সংযোগে জলে পত্তি হয়, আকাশ বায়ু অগ্নি এবং জল এই চতুভূতি সংযোগে পৃথিবী উৎপন্ন হয়। ইহার দৃষ্ঠান্ত দেখ, ' আকাশের গুণ শব্দ, স্থন্ধ বায়ুর গুণ স্পর্শ, স্থন্ধ অগ্নির রূপ, স্থন্ধ জলের গুণ রুদ্ধ গুণির অনুষ্ঠিত বশ্তঃ ঐ ভূতি কিন্তু পরস্পার পিতৃক গুণের অনুষ্ঠিত বশ্তঃ ঐ ভূতি 🕬 বৃদ্ধি হয়, যেহেতু কেবল শব্দগুণবিশিষ্ট আকাশ, 🛊 এবং স্পর্ণ গুণদ্বয়বিশিষ্ট বায়ু, শব্দ স্পর্ল এবং রূপ এই ণত্তরবিশিষ্ট অগ্নি, শব্দ স্পর্শ রূপ এবং রস এই চতুগুণ-শিষ্ট জল, শব্দ স্পর্শ রূপ রূস এবং গন্ধ এতৎ পঞ্চণা <mark>ऐবী,</mark> ইহার অন্যথা নাই। অতএক ঐ পঞ্চ ভূতের দ্বারা া দেহ উৎপত্তি হয়, তজ্জন্য ইন্দ্রিয় সকলও তত্তৎগুণের ধার হইয়াছে,ইহা প্রত্যক্ষ দৃষ্ট হইতেছে,অর্থাৎ আকা-র অংশে এবণেন্দ্রিরে উৎপত্তি, একারণ শব্দ্যাহক াত্র হইয়াছে। বায়ুর সত্ত্বাতে ত্বক অর্থাৎ চর্ম্মের উৎ-ত্ত, একারণ চর্দো স্পর্শশক্তি হইয়াছে। অগ্নির সত্ত্বাতে র উৎপত্তি, এজন্য চক্ষু রূপগ্রাহক হইয়াছে। জলের াতে রসনার উৎপত্তি, তরিমিত রসগ্রাহক রসনা হই-ছ। পৃথিবীর সত্ত্বাতে নাসিকার উৎপত্তি, এই জন্য আহক নাদিকা হইয়াছে। অতএব ১এই জগৎ গ্ৰাপ্ত এক চৈতনা হইতেই উৎপন্ন হইয়াছে। হিম্যের অস্তিত্ব বিষয়ে এই মাত্র কপোনা করা হয়, **ত্তীত** তাঁহার অস্তিত্ব প্রত্যয় **হ**য় না। সুতরাং চৈতন্য-. এক পুরুষ আছেন, ইহা মর্বনেশীয় মর্ব্বশাস্ত্র সন্মত, <mark>ং যুক্তি সিদ্ধ। এক্ষণে জীবোৎপত্তির বিব</mark>রণ তৈছি প্রবণ কর।

পরার।

জীবের নিয়ম যাহা মূলে দরশন।
তাহার প্রকৃত অর্থ শুন বিবরণ।।
প্রথমে স্থাবর লক্ষ বিংশতি জনম।
জলজস্তু নব লক্ষ তদন্তে নিয়ম।।
একাদশ লক্ষ জন্ম কৃমি তদন্তরে।
দশ লক্ষ পক্ষী জন্ম হয় তার পারে।।

ভদন্তরে পশু জন্ম ত্রিশ র্লক্ষ ভোগ। চতুল ক বানর বানরী সহযোগ।। ইত্যাদি চতুরশীতি লক্ষ জন্ম গতে। মনুষ্য জনম হয় ঈশ্বর ইচ্ছাতে।। ক্রমেতে চতুরশীতি লক্ষ জন্ম হয়। ঈশ্বর ঘটিত জন্ম স্বধর্মেতে ক্ষয়।। তদন্তরে মনুষ্য তুর্ল ভ জন্ম পায় I ধর্মাধর্ম পাপ পুণ্য বিচার তাছার।। কর্মপাশে বদ্ধ হয়ে সংসারেতে ঘোরে। পুনঃ পুনঃ জন্ম হয় পুনঃ পুনঃ মরে।। চৌরাশী লক্ষ আর সহস্র জনম। করিবে দেহ ধারণ এই সে নিয়ম।। তদন্তরে হবে তার নির্বাণ মুকতি। বিঙ্গাৰ্জন তম্নে কন দেব পশুপতি।। জন্ম পূর্ণ না হইলে মোক্ষ নাহি তার। স্বৰ্গভোগ নাহি হয় গাপ আছে যার।। জন্ম পূর্ণ না হইতে মুক্তি ইচছা যার। দীক্ষিত হইয়া যদি করে বীরাচার।। শক্তি মাধনের ফলে ত্রমাজাল হয় ৷ নির্বাণ মুকতি তার নাহিক সংশয়।। অতএব শক্তি বিনা মুক্তি নাহি হয়। স্যতনে শাক্ত ধর্ম কর্ছ আশ্রয়।।

দেহীর পুনর্জন্ম কথনং।

১৬শ প্রশ্ন। এ দেহের পতনাত্তে জীবের অন্য । হওয়ার প্রশান কি? •

১৬শ উত্তর। প্রাণী সকলের সুখ তুঃখের তারতা তাহার প্রমাণ। শেখ কোন মন্ত্রয় রাজকলে জন্ম

করিয়া, জাবজ্জীবন নানাবিধ সুধ সম্ভোগ করত সচ্ছন্দ-চিত্তে পরলোক গমন করে, কেছ বা স্থদারিদ্রের গৃছে, এবং কেহ বা নীচ বংশে জন্মিয়া যাবজ্ঞীবন অপার তুঃখ-ভোগ করে। এবং কোন কোন লোক জীবনের নানা অবস্থায় এবং নানা ফেরে পতিভ হয়,কেহ২ বা দাতিশয় সুস্থ্যাবস্থায় দেহযাতা নির্কাহ করিয়া যায়•কাহাকে কাহাকেও বা চির-কাল রোগ ভোগ করিতে হয়। কোন পশু বা পক্ষী লাধীনাবস্থায় সুখে অরণ্যে বিচরণ করে, কেছ বা নিষ্ঠুর মনুষ্যের দাস হইয়া অসীম কট সহ করে। এই সকল বিচিত্র ঘটনার কারণ পূর্বজন্মের পাপ পুণ্য ব্যতীত আর কিছুই হইতে পারে না, কেন না পরম কারণিক প্রমেশ্র যে, একের প্রতি অনুগ্রহ এবং অন্যের প্রতি নিগ্রহ প্রকাশ করিবেন,ইহা কদাচ সম্ভবে না। কিশেষতঃ সামুদ্রিক বিদ্যাকুশল ব্যক্তিরা করকোষ্ঠী দৃষ্টে লোকের শুভাশুভ, এবং জন্ম মরণাদি তাবৎ বিবর্ণী অবগত হইতে পারেন, যদি জীবের পূর্ব্বদেহ স্বীকার না করা যার, তবে করে কোঠী লিখিত থাকার কারণ কি বলা যাইতে পারে? অনন্তর ইহাও কদাচ সম্ভব হইতে পারে না যে প্রমেশ্বর পাপের দণ্ড এবং পুণ্যের পুরস্কার করেন না। এবং ভৌতিক দেহ থাতীত ঐ দণ্ডাদির ভোগও সম্ভবে না, ইহা বাইবেল এবং কোরাণেও অম্বীকার করিতে পারেন নাই, বরং ক্থিত উভয় ধর্মশাস্ত্রের লিখনের মর্ম এছণ ক্রিলে, অশ্রদানির শাস্ত্রোক্ত পুনর্জন্ম আটিত মতের সম্পূর্ণ পোষ্-কতাই হইয়া থাকে, যেহেতু তাহাতৈ এইরূপ লিখিত আছে যে,মানৰ দেহের পতনাত্তে আত্মাসকল স্ব স্ব কর্মা-নুসারে স্বর্গে বা নরকে গিয়া পৃথিবীর চরমাবভা পর্যন্ত সুখ অথবা হুঃখ ভোগ করে, পরে পেষ দিবদে পরমেশ্বর ুসেই সকল আত্মা যে যে শরীরে ছিল, তাহা মৃত্তিকা-

বিবর অর্থাৎ কবর হুইতে উন্তোলন করিয়া প্রত্যেক আজাকে ত্বনীয় দেহে প্রবিষ্ট করাই দিয়া তাহাদের পাপ পুণ্যের বিচার করত প্রতিফল প্রদান করেন, ইহাতে পুনর্জন্ম স্বীকারের ব্যভিচার কি আছে ? কেম মা ভৌতিক দেহ মৃত্তিকা মধ্যে থাকিলে কিছুকাল পরে তাহা যে মৃত্তিক কাই হয় ইহার কোন সন্দেহ নাই, এ বিধায় শেষ দিনে প্রত্যেক আজার মিমিভ এক একটী নূতন দেহের উৎপত্তির প্রয়োজন সহজেই অনুষিত হইতেছে,এবং পূর্বজন্মের তাৎপর্য্য পুনর্দেহ হওয়া ব্যতীত আর কিছুই নহে, স্তত্তরাং যদিও অমাদাদির শাস্ত্রের মহিত ঐ ঐ শাস্তের শব্দাত ভেদ দৃষ্ট হয়,তথাচ তাৎপর্য্যের বৈলক্ষণ্য কিছুমাত্র নাই। অধিক্ষাত্ত ভাবদাীতার ১৭ ও ১০ পৃষ্ঠার দ্বাদশ এবং ত্রেরাদশ শ্লোক দৃষ্ট কর।

এী একি কর্ত্তক আগম প্রচার।

় ১৭শ প্রশ্ন। সংসারে আগমোক্ত আচার ব্যবহার কি প্রকারে প্রচার হইল ?

নপ্তদশ উত্তর ।—পরার।
গোলোকেতে মহাবিফু রাধিকা সহিত।
দ্বাপন্নের অন্ত দেখি পরম চিন্তিত।।
কহেন রাধিকা প্রতি চারি যুগ ধর্ম।
যে যুগে যে ব্যবহার যেমতে যে কর্ম।।
সত্যযুগে বেদাচারে মর্ত্যবাসীলোকে।
সাধিত পরমেশরে পরম কৌতুকে।।
প্রতারুগে স্মৃতিমতে করিত সাধন।
পিতৃপ্রাদ্ধ যাগ যক্ত দেবাদি পূজন।
দ্বাপরেতে পুরাণের মতে সর্ব্ব নর।
করিত সকল কর্ম হরিষ অন্তর।।

সফল হইত কর্ম পুথে ছিল লোক। না ছিল অকাল মৃত্যু না পাইত শোক ।। দ্বাপর হইলে সাঙ্গ কলিযুগ হবে গ বেদ স্মৃতি পুরাণোক্ত কর্ম না ফলিবে॥ আগনোক্ত কর্ম ধর্ম যয়ন যাজন । পিতৃপ্ৰাদ্ধ যাগ ষজ্ঞ ভজন সাধন । করিলে হইবে সি**দ্ধি পাবে কর্দ্ম কল।** অন্যমতে কর্ম কৈলে হবে অমঙ্গল।। মত্রবাদী আগমে না করিবে বিশ্বাস। কদাচারে কর্মলোপে হবে বর্ণ নাল।। কর্মে ধর্মে আচারে জাতির পরিচয়। একাচারী সর্ব্ব বর্ণে ছইবে নিশ্চয় ॥ অতএব যুগ**ধর্ম পালন কারণ।** জনেছেন যত্ত্বংশে রোহিণীনন্দন্।। আগমোক্ত কুলাচার প্রকাশ্য রূপেতে। পালিবেন যত্নগ্রেষ্ঠ পরমানদ্দেতে।। মন্য মাংসাদি ভোজনে হৈয়ে আনন্দিত। করিবেন ক্রষিকর্ম গোপের সহিত।। সেহেতু তাঁহার নাম হবে হলধর। মহাবীর ভাৰ শিৰতুল্য কলেবর।। পঞ্চতত্ত্ব মধ্যে শক্তি সাধন প্রধান। কিন্তু সে সাধন প্রমাতি গোপামা न।। পরশক্তি যোগ ভিন্ন গোপন নাু হয়। তুমি স্থামি মর্ত্যলোকে চল স্থনিশ্যয়।। মত্যলোক কর্মভূমি কর্ম কৈলে নর। ভোগে কৰ্মফল প্ৰাপ্তি সৰ্বৰ সিদ্ধেশ্বর।। তোমাকে সেবিব আ**ৰি সিদ্ধির কা**রণ। আয়াকে সেবিবে তুমি নাহিক বারণ।।

এক কর্মে দুই জন সফল হুইব। সিদ্ধ হয়ে দোহে পুনঃ গোলোকে আসিব।। আমরা উভয়ে কুলাচার আচরিলে। দেইমত অনুগামী হইবে সকলে।। এত বলি রাধারুষ্ণ গোলোক ত্যজিয়া। আগম পালন হেতু শ্রীর ধরিয়া।। কলিয়ুগে ভাদ্র মানে ক্লঞ্জ অন্তমীতে। অফাবিংশতি দিবসে পঞ্চম রাত্রেতে॥ আবিভূত হন ক্লফ দেবকীনদ্দন। কশিযুগে বামাচার করিতে পালন।। ব্রহ্মপুরাণেতে আছে প্রমাণ ইহার। পদ্যছন্দে তার অর্থ হইল প্রচার।। ষড়ায়ায় বিবরণ হইল মঞ্চ। আগ্রম শব্দার্থ দেবী স্থধান ভখন॥ তাহাতে বলেন শিব আগমার্থ যাহা। সর্বজন জ্ঞাপমার্থে প্রকাশির তাহা। আগত শিবের মুখে গত গৌরীমুখে। মত প্রকা**শেন বাস্তদেব স**কৌত্বকে॥

মহামায়ার সাধনাবশ্যক।
তন্ত্রসারে উক্ত আছে শুন তার মর্ম।
যে কারণে আবশ্যক হয় শাক্ত ধর্ম।
মায়ায়ু মোহিত লোক ভ্রময়ে সংসারে।
সদসৎ অনুভব করিতে না পারে।।
যায়া ত্যাগ হেতু মহামায়ার সাধন।
মহামায়া সাধন আশ্চর্যা বিবরণ॥
বৈদিকি আচার যাহা আছেয়ে বিহিত।
মহামায়া সাধনে তাহার বিশরীত॥

বৈদিক আচারে নিরামিষ্য অত্যাচার।
মহামারা সাধনে আগম কুলাচার।।
নিষেধ বিধি নাহি তার সকলি স্বধর্ম।
দিব্য বীরভাবে করিখেক সর্ব্ব কর্ম।।
সালা কু নিকটে ক্রম দীক্ষিত হইরা।
পূর্ণাভিষেকেতে দিব্য বীরভাবাগ্রিয়া॥
মহামারা সাধন করিবে ষেই নর।
কর্মাতীত জীবনুক্ত দ্বিতীয় শঙ্কর।।
দেহ ত্যাগে পুনঃ তার জন্ম নাহি হয়।
নির্বাণ মুক্ত সেই জন নাহিক সংশয়।।

দশ মহাবিদ্যার উপাখ্যান ।

১৮শ প্রশ্ন। মহামায়ার ভাবার্থে শক্তিদেবী মাত্রেই বুঝার, তবে তন্ত্রেতে দশ মহাবিদ্যার যে উপ্পাসনা বিহিত হইয়াছে, তাহার কারণ কি ? আর তন্মধ্যে কোন্ দেবী আশু মুক্তিদাত্রী, এবং তাঁহার সাধনার প্রণালীই বা কি প্রকার ?

১৮শ উত্তর ।—প্রার।

বিদ্যোৎপত্তি তত্ত্বে যাহা শিবের বচন।
তাহার যথার্থ অর্থ করহ প্রবন।।
মহাবিদ্যা কালী তারা একই শরীর।
সাধনে পরম পদ পায় দিব্য বীর।।।।
বোড়শী ঐবিদ্যা আর ভৈরবী ভুবনা।
ছিন্নমন্ত্র ধুমাবতী বিদ্যা পঞ্চজনা।।
সিদ্ধিবিদ্যা বগলা মাডঙ্গী লক্ষ্মী তিন।
ধর্মফলে নাম ভেদ বুকিবে প্রবীন।।
সরস্বতী খেতবর্ণা কন বেদাগমে।
সত্য আদি চারি যুগে বর্ণভেদ ক্রমে।।

সত্যে শুক্লা ত্রেতা রক্তা পীতা দ্বাপরেতে। কলিযুগে রুফবর্ণা আগমের মতে।। নীলবর্ণা সাধনেতে বাক্যসিদ্ধি হয়। নীল সরস্বতী নাম তেকারণে কয়।। সংসারের জীব ত্রাণ করেন যাহাতে। তারিণী তারার নাম কহেন তাহাতে।।২॥ শু**লার বিহীনে জন্ম সুন্দরীর হ**য়। তেকারণে নির্ম্ভ পা যোড়শী বিদ্যা কয়।। সাধকের 🖻 প্রদান করেন যাহাতে। সেহেতু জীবিদ্যা নাম কহে আগমেতে॥এ॥ ভ্ৰম পালনকৰ্ত্ৰী ভূবনেশী নাম। উৎপত্তি পালন ত্ৰই গুণে অনুপাম।। বিনাশে নাহিক শক্তি মহামায়া যেঁই ৷ ধৰ্ম অৰ্থ কাম তিন বৰ্গ দাত্ৰী তেঁই॥ ৪॥ কাল ভৈরবের ভার্যা হুঃখবিনাশিনী। ভৈরবী ভাঁহার নাম কন শুলপাণি ॥ সৃষ্টি স্থিতি নাশ তিন শক্তি একাধারে। প্রাতর্যগার সায়ারকাল অনুসারে ।। ৫ ।। রজ সত্ত তমে। তিন গুণে মহামায়া। আত্ম শিরচ্ছেদিয়া পালেন ভক্ত-কায়া।। ছিন্নমন্তা নাম প্রকাশিত ত্রিজগতে। প্রচণ্ড চণ্ডীকা নাম হয় আগমেতে।। ৬।। ধূত্রাস্থর বিনাশ করেন যবে দেবী। ধূমাবতী নাম হয় সর্ব্ব দেব দেবি॥ ধুমাকারে সাধকেরে দেন চতুর্বর্গ। ধর্ম অর্থ কাম আর জীবনান্তে স্বর্গ ।। १।। জগৎজননী মাতা জননী সমান। নানা সুধ ভোগ যোক সাধকে প্রদান।।

বকার বরুণবীজ জীবের জীবন I জল হৈতে চরাচর সৃ**ত্তি**র সৃজন ॥ গকার শক্তির যোনি জনম যাহাতে। যোনি সাধনেতে সিদ্ধি বলেন তাহাতে।। নকার পৃথিবীবীজ ধরণীমণ্ডল। যাহাতে আগ্রয় করি পায় কর্মফল।। আকার চৈতন্যকারী জ্ঞানপ্রদায়ক ! বগলা নামের গুণ বুঝহ সাধক।। ৮।। মদমতা সদা দেবী সর্ব্বাপতারিণী। মাতঙ্গী প্রসিদ্ধ মাতঙ্গাসুরনাশিনী।। ১॥ বৈক্ঠ নগরে বাস করেন যাহাতে। কমলা নামেতে পূজ্যা হয়েন তাহাতে II লক্ষীরূপে পাতালেতে করেন নিবাস I নানা শস্তরপে পুনঃ হয়েন প্রকাশ 💔 বৈশ্যের সেবিতা দেবী শস্থানিবাসিনী। ক্ষযি সাধনেতে ভূমে উদ্ভবা আপনি।! ব্রহ্মচর্য্য সাধন করয়ে যেই জন। তাহারে বৈমুখ লক্ষ্মী সেই সে কারণ।। ১০॥ এই দশ মহাবিদ্যা সিদ্ধিবিদ্যা নাম I धर्म जर्थ काम त्मांक शृर्ग मर्क्त काम ॥ নানা ভোগ অভিলাষী মনুষ্য যাহাতে। এক ব্ৰহ্ম নানা রূপে প্রকাশ তাহাতে।। যে সাধক যাহা মনে কামনা করিছব। সেই ভে**গ**গ জন্য সেই দেবড! ভজিবে ॥ তাদৃশ তাঁহার দত্ত ফল ভোগ করি। নিক্ষাম হইলে মুক্তি কন ত্রিপুরারি।। নির্ধনে রূপণে পরধর্মাচারী জনে। পাষতে নিন্দুকে শঠে অভক্তে নিষ্ঠ ণে।।

আন্থাহীনে নিজ পুত্রে মহাবিদ্যা ধন।
দেখাবে না শুনাবে না শিবের বার্ন।
মোহক্রমে নিষেধ না মানে যদি মর।
শিবহত্যা পাপ তার হইবে সত্তর॥

কালী-মাহাত্ম।

বিদ্যা, মহাবিদ্যা, সিদ্ধিবিদ্যা তিম জাতি । নানাবিধ বিদ্যা ইহাঁনের অন্তঃপাতি।। তিন্যুগে সকলে ছিলেন ফলদাতা ৷ ঘোর কলিমুগে নিদ্রোগতা সর্ব্বমাতা।। একা মহাকালী মাত্র জাগ্রতা কলিতে। তাঁহার সাধনা বিধি পঞ্চ তত্ত্বাদিতে॥ কলিম্বগে কালী ভিন্ন কার্য্য করে যেই। ধৰ্ম কৰ্ম যাগ যভে কিছু ফল নেই ।। কলিয়ুগে কালীকা সাধয়ে ষেই জন। সদস্থ বিচারেতে নাহি প্রয়োজন ॥ কলিতে সুসিদ্ধা একা কালীকা কেবলা। চরাচরব্যাপিনী সে কালীকা একেলা। একা কালী কলিযুগে সর্ব্ব বরপ্রদা। करलो काली मिश्चिविला प्रथम माक्रमा ॥ কলিয়ুগে অন্য বিদ্যা নাই কলাচিত। অন্য বিদ্যা নাই নাই নাই স্থনিশ্চিত ॥ কলিম্রণে কালী সিদ্ধাবরপ্রদায়িনী। धर्म अर्थ काम यांक निर्दर्शनकार्द्रिशी॥ কালী ভিন্ন অন্য দেব যে করে সাধন। অসক্ত শক্তিতে রতি সম্ভোগ যেমন।। কালী ভিন্ন যেই জন মোক্ষ ইচ্ছা করে। छङ रोका ठाकि मिक्र इस यथी बात ॥

কালী ভিন্ন রাজ্যধন ইচ্ছা করে যেই। ভোজ্য ত্যজে ক্ষুত্রিহৃত্তি ইচ্ছা কুরে সেই॥ সেই নর ধন্য জ্ঞানী দেবের পূজিত। সত্যবাদী জিতেন্দ্রিয় সেই সুদীক্ষিত।। সুখী সাধু বেদবেতা হয় সেই জন। সেই ধ্যাননিষ্ঠ সর্ব্বানন্দপরায়ণ ॥ ত্রৈলোক্যবিজয়ী হর অমায়াসে সেই। কার্য্য অকার্য্য বিচার কিছু তার নেই।। যে জন কালীকা জ্ঞানে পূজা করে শক্তি। জীৰত্বে শিবত্ব জীবনান্তে পায় মুক্তি।। मणा तः निकटि कालीमञ्ज राहे भाग्न । াহণমাত্রেতে তার পূর্বে পাপ যায়।। ধর্ম অধ্যাদি যত করয়ে সাধক। কালীকা সদত হন কর্ম বিনাশকু।। ञनलक्रिंभी कानी ठजुर्वर्गमावी। তৈলোক্যজননী নিড্যা পালিকা সংহর্তী ॥ স্বর্গাদি ঐশ্বর্যা নিত্য দেন সাধকেরে। নিৰ্বাণ মুকতি দেন কুলীন দিব্যেরে॥ ত্রন্ধা বিষ্ণু শিব আদি করিয়া যতন। মস্তকে ধরেন কালীচরণ-রতন।। কলিতে কালীকা একা সর্বসিদ্ধেশরী। অকর্মা অন্য সকল ঈশ্বর ঈশ্বরী।। শান্তি বৈশ্য স্তম্ভন বিদ্বেষ উচ্চাটন। মার্বা প্রভৃতি ষত ষট্কর্ম সাধন।। সর্ব্ব কর্ম্মে সফলতা কালীর সাধনে। কালী ভিন্ন কলদাত্ৰী নাহি ত্ৰিভূবনে।। কালীকা পূজনে শ্রদ্ধাবান যেই নর। এহপীড়া নাহি শিবভূল্য কলেবর।।

অনম্বরূপিণী বিদ্যা শিবের কথিত। সর্বভেষ্ঠ কালীবিদ্যা জানিবে নিশ্চিত।। अध्य यम्मार्श कालीयदम्न मीका इय । বর্তমানে জীবদ্বক্ত নাহি ভব ওয়। ত্রৈলোক্যে ব্লপ্তা একা কালী মহাবিদ্যা। ষট্ স্থানিবাসী যত সকলে অসিদ্ধা।। কালীকে জানিলে জীবমুক্ত হয় নর। শিৰত্ব্য মৃত্যুঞ্জয় সৰ্ব্য সিদ্ধেশ্ব ।। শুদ্ধাশুদ্ধ চিন্তা নাই সাধনে যাঁহার। মিতামিত দূষণাদি নাহিক বিচার।। পরিশ্রম দেহকষ্ট নাহিক সাধনে ! অসময সময়াদি শরীর শোষণে।। ধনব্যয় বাহুল্যতা আবৃশ্যক শাই । সৰ্ক মূনস্কামনা পূৱাণ মহামায়ী।। সর্কাসদ্ধি হস্তগত কালী সাধকের। জিহবা অত্যে সরস্বতী বৈদে দে নরের II গদ্য পদ্য কবিতা রচয়ে অনায়াদে। বিপক্ষ দ্রর্বল তার লক্ষী হিরাবাদে।। রাজা হন দাস তুল্য কালীর রূপায়। রাতিকে করয়ে দিবা রজনী দিবায়।। সর্ব্বজন বলীভূত হয় আজ্ঞাকারী। আর যত গুণ কত বর্ণিবারে পারি॥ নানা সুখু সভোগ করিয়া চিরকাল। मिवी मरक करत वाम जुना महाकाता। मर्क जीदवत जीवन धारमन महाकान। কালকে আসেন কালী নাশি মায়াজাল।। অতএব কলিযুগে কালীমন্ত্র সার। পঞ্চত্তে উ**পাসনা কর কুলা**চার ॥

তত্ত্ব জ্ঞান কথনং।

১৯শ প্রশ্ন। পঞ্চ তত্ত্ব কাছাকে বলা যায়? এবং নেই উপাদনাই বা কি প্রকার ?

১৯শ উত্তর। মহানির্বাণ তদ্ধে একাদশ পটলে যথা— জ্রীদেব্যুবাচ।

ত্বৎপ্রসাদামহাদেব পবিত্রাহং নচান্যথা। ইদানীং শ্রোতৃমিচ্ছামি তত্ত্বজ্ঞানং সুতুর্ল ভং ॥

মহাদেবের প্রতি পার্ব্বতীর উক্তি।

অক্টার্থ। হে দেবাদিদেব মহাদেব! তোমার প্রসাদে আমি পবিত্র হইয়াছি, অর্থাৎ নানা শাস্ত্রার্থ প্রবণে মনো-মালিন্য বিনষ্ট হইয়াছে, কিন্তু স্কুত্রলভি যে তত্ত্বজান, তাহাই আশু শুনিতে ইচ্ছা হইতেছে।

ঈশ্বর উবাচ।

শৃণু দেবি প্রবক্ষ্যামি তত্ত্বং পরমত্বন্ধ ভিং।
ক্রুত্বা গোপয় ষড্লেন স্বযোনিমিব স্কুনরি।।
মদ্যং মাংসং তথা মৎস্কুং মুদ্রোং মৈথুনমেবচ।
পঞ্চতত্ত্বমিদং দেবি নির্বাণমুক্তিহেতবে॥

অন্তার্থ। মহাদেব বলিতেছেন, হে দেবি ! গুহাতি-গুছ পরম ত্র্র্লভ যে তত্ত্বজ্ঞান, তাহা বলিতেছি গুবণ কর। কিন্তু ইহা স্বীয় যোনিত্ল্য গোপন করিতে যত্ত্র করিবে। মদ্য, মাংস, মৎস্তু, মুদ্রো এবং মৈথুন, এই পঞ্চ ভত্ত্ব নির্বাণমুক্তির অর্ধাৎ অব্যাহতির কারণ।

তথা। অতিশ্বহাং পরং মোকং মদ্যপানেন শৈলজে। মাংসভক্ষণমাত্ত্রেণ সাক্ষারারণো ভবেৎ। মৎস্যভক্ষণমাত্ত্রেণ কালী প্রভ্যক্ষমাপুরাৎ। মুদ্রাসেবনমাত্তেণ ভূপ্জ্য বিষ্ণুরূপধুক্।

শৈথুনেন মহাযোগী মম তুল্যো ন সংশয়ঃ॥
অস্থার্থ। হে পার্বতি! মদ্য সেবন করিলে সাধকে
অক্টেশ্ব্যা, পরম মোক্ষ লভ্য হয়। মাংস সেবন করিলে
সাক্ষাৎ নারায়ণ তুল্য বিশুদ্ধচিত হয়, আর মৎস্থা সেবকে
কালী প্রত্যক্ষ হয়, মুদ্রাসেবন কলে বিষ্ণুত্ল্য হইং
পৃথিবীতে পৃজ্য হয়, আর মৈথুন সেবায় মাদৃশ মহাযোগি
হয়, ইহাতে সন্দেহ নাই।

তথা। তন্ত্ৰান্তরেম্ন দেবেশি ময়ৈব কথিতংপুরা।
মাহাত্ম্যঞাস্য ধর্মস্য বিস্তারেণ মহামতে।।
তত্ত্বজ্ঞানমিদং কান্তে নির্বাণমুক্তিকারণং।
একত্র পঞ্চতত্ত্বক যত্ত্বৈব মিলিতং ভবেৎ।।
তত্তিবাহং প্রগচ্ছামি তে নরা মৎসমাঃ সদা।
সা নালী কালিকারপা মতে তস্যাং প্রলীয়তে।
যে নরাঃ সাধুরপাশ্চ তত্ত্বজ্ঞানপরায়ণাঃ।
জীবনুক্তাশ্চ তে প্রোক্তা ব্রহ্মরূপা নচান্যথা।

অস্যার্থ। হে দেবেশি! অন্যান্য তন্ত্রেতে আরি
এই ধর্মের মাহাত্ম্য বিস্তারক্তপে বলিয়াছি যে, তত্ত্বজ্ঞানই
নির্বাণমুক্তির কারণ, আর যে স্থানে ঐ পঞ্চতত্ত্ব এক
ত্রিত হয়, সেই স্থানে আমি সর্বাদা অধিষ্ঠান করি, এবং
সেই পঞ্চতত্ত্বসাধক সর্বাদা আমার তুল্য, আর সেই শক্তি
জীবসত্ত্বে কালীরূপা, এবং দেহান্তে কালীদেহে লয় হয়,
আর তত্ত্বজ্ঞানপর্বায়ণ য়ে সাধক সেই জীবন্নুক্ত ব্রহ্ম স্বরূপ,
তাহাতে কিছুমাত্র অন্যথা নাই।

তথা। সাযুজ্যাদি মহামোকং নিযুক্তং ক্ষত্রিরাদিয়ু। ব্রাহ্মণঃ পরমেশানি যদি তত্ত্বপরায়ণঃ। সত্যং সত্যং পুনঃ সত্যং পরতত্ত্বে প্রলীয়তে।। বর্থাতোরং তোরমধ্যে লীরতে প্রমেশ্বরী।
তব্রিব তত্ত্বসেবারাং লীরতে প্রমাত্মনি॥
ইতি তে কথিতং কান্তে তত্ত্বজ্ঞানং বিমোক্ষদঃ।
যেন জ্ঞান প্রসাদেন মোক্ষদিদ্ধিনসংশ্র॥

শৈশতত্ত্ব সেবা করিলে, বৈশ্য এবং শৃদ্র এই তিন বর্ণে শৈশতত্ত্ব সেবা করিলে, সাযুজ্য, সারপ্য এবং সালোক্য এই তিবিধ মোক্ষের পাত্র হইবেন আর ব্রাহ্মণে পঞ্চতত্ত্ব সেবা করিলে, পরতত্ত্বে লীন হইবেন। যদ্রপ জলে জল মিশ্রিত হইলে লয় প্রাপ্ত হয়, তদ্রপ পঞ্চতত্ত্ব সেবার ইলে জীবাত্মা পরমাত্মাতে লয় প্রাপ্ত হয়। হে কান্তে! য জ্ঞান প্রসাত্মাত নেয় প্রাপ্ত হয়, তাহা আমি তামার নিকট বলিলাম, এই বাক্য সত্য সত্য পুনঃ সত্য গানিবে। তন্ত্রান্তরে আর একটা ইতিহাস স্কর্রপ লিখিত ইরাছে তাহাও পদ্যছদে বলিতেছি প্রবণ কর।

শুকদেবোপাখ্যান।

नघु-जिभनी।

বৈশাখ মাসেতে, রজনীযোগেতে,
পূর্ণচন্দ্র স্থানোভনে।
কৈলাস শিখরে, রত্নময় ছরে,
হরগৌরী তুই জনে।।
নানা রস রঙ্গে, কৌতুক প্রসঙ্গে,
স্থাখেতে বঞ্চেন মিশি।
করিয়া বিহার, আনন্দ অপার,
গৌরী বামভাগে বসি।।

মানা বাক্যছলে, অনেক কৌশলে, জিজ্ঞাসেন দিগমুরে। করি প্রণিপাত, শুন প্রাণনাথ, কোভিত আছি অন্তরে।। বেদাগম যত, বলিয়াছ কত. শুনিয়াছি বহুতর। কর্মকাওময়, নির্কাণ না হয়, ভোগ বাড়ে নিরন্তর ।। ভোগাতীত হয়, তব দেহে লয়, কিয়া আমার শরীরে। (महे छेशाम) कह मितासिंग, না জিজ্ঞালি যেন ফিরে।। যদি মিথ্যা বল নারী জ্ঞানে ছল. পূৰ্ব্বে জান আমি নতী। তেয়াগিব দেহ, নাহিক সন্দেহ. সত্য সত্য পশুপতি।। শুনি ত্রিলোচন, সজল লোচন. কহেন গৌরীর আগে। কিজাসিলে যাহা, সত্য কব তাহা, শ্বন গোৱী মহাভাগে।। যদি মিথ্যা কই, তোষা হারা হই, সতা সত্য এই বাণী। এতুক বলিয়া, শপথ করিয়া, কহিছেন শূলপাণি। তব্জানে মুক্তি, এই মম উক্তি, বেদাগমে প্রকাশিত। নেই কব্ৰজান, অতি গোপ্যমান, কহিলাম সুনিশ্চিত।।

যে পাবে সে জ্ঞান, তাহার নির্বাণ, সংশয় নাহিক তার। করিলে প্রকাশ, লোকে উপস্থাস, নিৰ্কাণ ফল না পায়।। मना मांश्म भीन, भूदा भंगाधीम, মকার চতুর্থ এই। ইমথুন সহিত, পঞ্চম বিহিড, মকার পঞ্চম সেই।। এই পঞ্চ তত্ত্ব, সেবিলে শিবত্ব মরিলে নির্কাণ মুক্তি। বেদ পুরাণেতে, প্রকাশ্য রূপেতে, নাহি করি আমি উক্তি॥ কাষ্ঠের মধ্যেতে, অগ্নি যে রূপেতে, আছয়ে জান নিশ্চিত। সে অগ্নি প্রকাশ, না হৈলে বিশ্বাস, নাহি করে কদাচিত॥ অতএব শুন, তত্ত্বজান পুনঃ, ইহা ভিন্ন নাহি আর। এই তত্ত্বজান; হইলে নির্ম্বাণ, সত্য কহিলাম সার॥ পর্ম গোপন, এ স্ব কথন, প্রাণান্তে না প্রকাশিবে। প্রকাশ করিলে, অজ্ঞানী সকলে, निव मिथावामी करव।। এ ধর্ম গোপন, করণ কারণ, বিপরীত শাস্ত্র যত। বলিয়াছি পূর্বে, আজি হৈতে সর্বে, তাহাতে হবে বিরত।।

তন্ধরের ভয়ে, কণ্টক ঘেরিযে. উত্তম ফলের রক্ষ। গৃহস্থ যেমন, করয়ে রক্ষণ, অন্য শাস্ত্রে সেই লক্ষ্য।। কথা হৈল সাঞ্চ, গৌরী নিদ্রাভঙ্ক, পুনঃ জিজ্ঞাদেন বাণী । তত্ত্বজ্ঞান বল, শুনিতে বিকল, इहेन जागात लागी॥ কন ত্রিলোচন, তত্ত্ব বিবরণ, বলিয়াছি বিস্তারিত। কহেন পাৰ্ব্বতী, শুন পশুপতি, আমি ছিলাম নিদ্রিত।। কিছু শুনি নাই, তোমার দোহাই, . মিখ্যা নছে এই বাণী। শুনিয়া শঙ্কর. সক্রোধ অন্তর, কে শুনিল অগ্রে জানি॥ করি যোগ লক্ষ্য, জানি গুকপক্ষ, ত্রিশূলে করি আহ্বান। কন ত্রিশূলেরে, বিধিয়া শুকেরে, শীঘ্র আন তার প্রাণ।। চলিল ত্রিশূল, শুকেরে নির্মাল, করিতে মান্স করি। শুনি তত্ত্বজ্ঞান, শুক বলবান, " উড়িল গগনোপরি।। দিক্দিগন্তর, ভ্রমিয়া কাতর, হুৰ্বল হইল অতি। व्यात्मत्र त्रमी, ' निकावभाष्टिनी, দিগররী ঋতুবতী॥

দেখিয়া কৌতুক, সভয়েতে শুক, উদরে প্রবেশ করে। শুকে বধিবারে, শূল যোনি দ্বারে, দাঁড়াইয়া ডাকে হরে।। প্রসব হইলে, শিবের ত্রিগুলে, বধিবে শুকের প্রাণ। গর্ভের মধ্যেতে, শুক আনন্দেতে, করেন ব্রহ্ম ধেয়ান।। গর্ভ হৈল ভারি, অচলা সে নারী, ব্যাসদেব সকাতর। ভূমিষ্ঠ হইতে, নানা স্তুতিমতে, ওকেরে কন বিস্তর।। শুক বলে তারু, আমি কম্পতরু, শিবনত তত্ত্তানে। ভূমিষ্ঠ হইলে, বিধিবে ত্রিশূলে, प्तर्थ भूल विमामात्म ॥ শুনি বেদব্যাস, করিয়া আখাস, করেন শিবের স্পতি। আশুতোষ হর, ব্যাসে দিয়া বর্ শুকে দেন অব্যাহতি।। ত্রিশূলে নৈরাশ, করি বেদব্যাস, পুনশ্চ শুকেরে কন। ভয় গেল দূরে, আইন বাহিরে, গর্ভন্থ যে মহাজন।। শুনি শুক কর, শুন মহাশয়, গৰ্জে আছি দ্বিৰ্যক্তানে। जूमिर्छ रहेला, जाम याँव जूरन, गरामात्रात मानंदग ॥

यनि बदाबाज्ञी, इरेज्ञा मन्ज्ञी, • বর দেন সুনিশ্চর। দেহেতে আমার, তাঁর অধিকার. কখন নাহিক হয় ।। শুক বাক্য শুনি, ব্যাস মহামুনি, করি যতু প্রাণপণ। ষণা বিধিমতে, প্রমানন্দেতে, করেন মায়া সাধন।। মহামায়া কন, শুন তপোধন, যে বর চাহ ভা দিব। সানদেতে মুনি, বলেম জননী, অন্য বর কি করিব।। কোন মহাশয়, আমার আলয়, - त्रमगीत गर्खवारम। বাদশ বৎসর, যুড়িয়া উদর, আছেন মহা হরিষে॥ দেহেতে ভাঁহার, তব অধিকার, কোনকালে মাহি ছবে। এই বর চাহি, শুন মহামায়ী, রকা পাই আমি তবে।। বলেন অভয়া, শুক প্রতি দয়া, आरङ्गम मित्रख्त । দেছেতে তাহার. মম অধিকার. ना इरव रकमम वर्ता। জ্ঞানরপা হয়ে, শুক দেহে রয়ে, সর্বনা পাইব ক্রথ। অভানীর দেহে, আমি মারা মোহে, विज्ञानिम (मर्दे प्रथ ॥

আজ্ঞা হৈল যবে, শুকদেৰ তবে, গর্ভ হৈতে নিঃসরিল। महामाशा नाई, जानमः मनाई, বনে গ্ৰম করিল।। যায়াতে ৰোহিত, ব্যাস ত্মশিতে, পুত্ৰ জ্ঞানে স্বেছ ক্ৰেমে। পাছে পাছে যাম, ফিরাইতে চাম, ব্যাকুলিত চিত্ত ভ্ৰমে।। ব্ৰন্ধজানী শুক, নাছি তার হুখ, সহজে গ্ৰম করে। কণ্টক জন্মল, উচ্চ মীচ জল, সমস্থল সর্বভরে ॥ मूनिङ नशरन, नमान गमरन, সন্মুখে বৃক্ষ পর্বত। विভाগ इरेशी, मधारमण निशा শুকে দেন সোজা পথ।। वाम बाह्यबर् महारू কণ্টকে চলিতে মারে। পথে পথে যার, বিলয় তাহার, त्मीका खार्ग नमीभारत ॥ যেখানে পর্বত, তথা নাহি পথ, অচল বেড়িয়া চলে। না পারে ধরিতে, পড়িয়া পশ্চাতে, ভাকে শুক কের বলে।। শুক ব্ৰদ্মজানী, নাহি শুনে বাণী, আত্ম পর সমজ্ঞান। ্ব্যাসের তুর্গতি, দৈখিরা পার্ব্বতী, व्यर्भाश्य विश्वित ।।

মায়া সরোবরে সখী সমিভাারে. - , मकरम युवजी विभ। বিবসনা হয়ে, কুলে দাঁড়াইয়ে, ক্ৰীড়াতে অভিনিবেশ।। সেই স্থান দিয়া, গেলেন চলিয়া, শুকদেব মহাশয়। তাহাতে কাহার, নাহিক বিকার. রস রঙ্গে সবে রয় ।। তাহার পশ্চাতে, যান সেই পথে, বেদব্যাস মহাশ্বধি। দেখি নারীগণ, মলিন বদন, লজ্জাতে জলে প্রবেশি।। বেদব্যাস কন, শুন নারীগণ, তোমাদের কি আচার। শুক নামে ষেই, অগ্রে গেল সেই, সুযুবা বয়স তার।। তাহারে দেখিয়া, বিবসনা হৈয়া, নানা কৌতুক করিলা। আমি রদ্ধ অতি, অঙ্গে ভীমর্থী, দেখিয়া লক্ষা পাইলা। নারীগণ কয়, তুমি মায়াময়, যোহে অজ্ঞান গোসাই। षा था पान यह, खन्नकानी तरहे, স্ত্ৰীপুৰুষ ভেদ নাই।। উচ্চ নীচস্থল, তরু গিরি জল, না হয় যার বিশেষ। চরচির যত, ' সব একমত, ভেদের নাহিক লেষ।।

তুমিত অজ্ঞান, বলিয়া সন্তান, তার পিছে পিছে যাও। পরের যুবতী, দেখি ষ্টমতি, ঘন ঘন ফিরে চাও।। বদন তাহার, কামে মতি যার, দেখিলেই লজা হয় ! নিক্ষাম যে জন, পুরুষে সে জন, কখন গণনা নয়।। এতেক শুনিয়া, লজ্জিত হইয়া, বাদে যান নিজালয় I বনে যান শুক, পরম কৌতুক, তত্ত্তান সহদয়।। শিব মুখে যাহা, শুনেছেন তাহা, সকলি ছিল স্বরণ। • নেই অনুসারে, জানান স্বারে, প্রন্থ করি বিরচন।। অতএব শুন, পঞ্চতত্ত্ব শুণ, আমি কি বর্ণিতে পারি। চতুঃষটি তামে, বহুমন্ত্রে ষামে প্রকাশেন ত্রিপুরারি।।

উক্ত শুকদেব কর্তৃক বিরচিত প্রন্থের সারার্থ পশ্চাৎ
পন করিব, যেহেতু তাহার ভাবার্থ অতি উৎক্রম্ট এবং
ক্রম গোপনীয়। এক্ষণে অন্য যাহা শ্রমণ করিতে ইচ্ছা
ক্রম, প্রশ্ন কর।

পঞ্চকারের প্রকৃতার্থ। ২০শ প্রশ্ন। প্রভো! আপনি আজ্ঞা করিলেন যে, গামের অর্থাৎ তন্ত্রশান্তের মতেই এইক্ষণে তাবৎ উপা- সনা প্রসিদ্ধ, কিন্তু তাহাতে অতি কদর্যাচারের বিধান আছে, অর্থাৎ প্রকামকারের দ্বারা ভগবতীর সাধনা করিবার যে উপদেশ আছে, ইহাতে সর্ব্ব সাধারণ লোকের মনে প্রদার উদয় হইবার সম্ভাবনা নাই।

২০শ উত্তর। পঞ্চমকারের প্রক্নতার্থ অনবগত হেতু
তুমি তাহা দূষ্য বিবেচনা করিতেছ, কিন্তু বাস্তবিক তাহাও
ক্রপক বাক্য, তৎপ্রমাণ আগমদারে যাহা পঞ্চমকারের
প্রকৃত অর্থ উক্ত হইয়াছে, তাহা বলিতেছি প্রবণ কর।
যথা—

সোমধারা ক্ষরেদ্যা তু ত্রহ্মরন্ধান্ধরাননে। পীত্রানন্দময়ন্তাং যঃ সূত্রব মদ্যসাধকঃ।। >।। মাশকাৎ রসনা জ্যো তদংশান রসনঃ প্রিয়ে। সদা যো ভক্ষয়েদেবি সএব মাংসসাধকঃ ॥ ২॥ গঙ্গায়সুনয়োর্মধ্যে মৎস্তো দ্বো চরতঃ সদা। তৌ মৎস্যৌ ভক্ষয়েদযন্ত সএব মৎস্যসাধকঃ।।।। সহস্রারে মহাপদ্মে কালীকা মুদ্রিতা চ যৎ। অস্তি তত্ত্বৈব দেবেশি কেবলং পারদোপমং। সূৰ্য্যকোটীপ্ৰতিকাশং চক্ৰকোটীসুশীতলং। অতীবক্মনীয়ঞ্চ মহাকুণ্ডলিনীযুতং I যাস্য জ্ঞানোদয়স্তত্ত মুদ্রাসাধক উচ্যতে ॥ ।।। মৈথুনং পরমং তত্ত্বং সৃষ্টিস্থিত্যন্তকারণং **।** মৈথুনাজ্জায়তে সিদ্ধি ত্র দাজ্ঞানং স্বত্নল ভং। রৈকস্ত **স**কুস্কুশাভাঃ কুণ্ডমধ্যে ব্যবস্থিতং । মকারো বিন্দুরপশ্চ মহাযোনৌ স্থিতঃ প্রিয়ে। আকারৌজসমারুহ্ম একদা চ যদা ভবেৎ । তদা জাতং মহানশং ব্ৰদ্মক্তানং সুতুৰ্ন ভং। আত্মনি রমতে যশ্মাদাত্মারামস্কত্রচ্য তে। ত্ৰাণ কাসকে মুমাৎ তথাৰ মূ প্ৰকীৰ্ত্তিতং।

অতএব রামনাম তারকং ব্রহ্ম নিশ্চিতং।
মৃত্যুকালে মহেশানি সারেজামাক্ষরদ্বাং।
সর্বকর্মানি সন্ত্যুজ্য স্বয়ং ব্রহ্মময়োঁ ভবেৎ।
ইনস্ত মৈথুনং তত্ত্বং তব স্বেছাৎ প্রকাশিতং।
মর্থপুনং পরমংতত্ত্বং তত্ত্বজ্ঞানস্য ক্রারনং।
সর্বপ্রাময়ং তত্ত্বং জপাদীনাং ফলপ্রদং।
বড়ঙ্গং পূজ্যেদেবি সর্বমন্ত্রং প্রসীদতি।
আলিঙ্কনং ভবের্যাসং চুম্বনং ধ্যানমিরীতং।
আবাহনং শীতকারং নৈবেদ্যমুপলেপনং।
জপনং বসনং প্রোক্তং রেতঃপাতক দক্ষিণা।
সর্বধিব ত্ব্যা গোপ্যং মম প্রাণাধিকং প্রিয়ে॥৫॥

অস্থার্থ। হৈ বরাননে! ত্রন্ধরন্ধু হইতে ক্ষরিত যে অমৃত, তৎপানে যে ব্যক্তি আনন্দময়ু হয়, দেই মদ্য-দাধক॥ ১॥

হে রসনপ্রিয়ে! মা শব্দে জিহ্বা বুঝায়, তাহার অংশ মবিরত ভক্ষণকারী অর্থাৎ (বাক্যসংযমক যোগী) মাণ্স-নাধক।। ২।।

গন্ধা যমুনার মধ্যে মিরন্তর যে ত্রই মৎস্য চরিতেছে, চৎখাদক অর্থাৎ (ঈড়া পীঙ্গলা নাড়ির মধ্যে নিরন্তর গতা-গাত করিতেছে যে নিখাস ও প্রখাস, তরিরোধক যোগী) থেস্থসাধক।। ২ ।।

হে দেবেশি! সহস্রারেমহাপনে মুদ্রিত কর্ণিকা মধ্যে পাত্মা কেবল পারার ন্যায় অবহিতি করিতেছে, তাহার প্রভা কোটী সুর্য্যের তুল্য, এবং তিনি কোটী চন্দ্র তুল্য সুশীতল, অতিশয় সুন্দর এবং মহাকুগুলিনীযুক্ত, এতদ্রুপ দ্রান যাহার হইয়াছে, তাহাকেই মুদ্রাসাধক বলা । । ।।

বৈথুন পরম তত্ত্ব, ষেহেতু সৃষ্টি, স্থিতি এবং প্রলয়ের কারণ। মৈথুনে সিদ্ধি এবং প্রহুল্ল ভ ব্রহ্মজান জন্ম। রেফ্ কুস্কুম বর্ণকুণ্ডের মধ্যে আছে, মকার বিন্দুরূপ মহা-যোনিস্থিত। হে প্রিয়ে! আকার হংসকে আরোহণ করিয়া যখন একতা হয়েন,তখন স্বত্র্ল্ল ভ ব্রহ্মজান জন্মে। আত্মাতে রমণ করণ হেতু আত্মারাম বলা যায়, অতএব রামনাম তারকব্রহ্ম এই নিশ্চিত। হে মহেশানি! মৃত্যু-কালে (রাম) এই তুই অক্ষর স্বরণ করিলে সর্ব্বকর্ম পরিত্যাগ করিয়া ব্রহ্ময় হয়।।।।।

এই মৈথুন তত্ত্ব তোমার মেহেতে প্রকাশ করিলাম।
মৈথুন পরম তত্ত্ব, তাহা তত্ত্বজ্ঞানের কারণ, সর্ব্ব পূজাময়, জপাদির ফলপ্রদ। হে দেবি! বড়ঙ্গ পূজা করিলে,
সর্ব্বমন্ত্র প্রসন্ন হয়। যথা—ন্যাস আলিঙ্গন, ধ্যান চুহন,
আবাহন শীতকার, নৈবেদ্য উপলেপন, রমণ জপ, দক্ষিণা
রেতঃপাত, এই কথা সর্ব্বথা গোপন করিবে, যেহেত্ তাহা
আমার প্রাণ অপেক্ষাও অধিক প্রিয়।

সামান্য পঞ্চমকারের ফল।

ংশ প্রশ্ন। তবে যাহারা সামান্য মদ্যপান, ও মৎস্য মাংস আহার, এবং রমণীরমণ করণপূর্বক সাধনা কুরে, তাহাদিগের গতি কি হওয়া সম্ভব ?

় ২১শ উত্তর। তাহাদিগের বুদ্ধি এবং ব্যবহারের।

উপর তাহা নির্ভর করে, কেন না যদি তাহারা আপনাপন
অভীউদেবের তৃষ্টি, পঞ্চমকার ব্যতীত হওয়ার অসাধ্যত।
জ্ঞানে আনীত নারীকে স্ব স্কৃতিপাস্থদেবী ভগবতী বোধে
স্থদ্ধ তাহারই প্রীতি জন্মাইবার এবং আসক্তি পূর্ণ করিবার নিমিত তাহাকে মদ্যাদি পান করাইয়া, আপ্রি

ক্রাদ্দমাত এহণ এবং নিজে কামাত্র না হইয়া রতিক্রিটা করে, তবে ঐ ঐ কর্ম ঈশ্বরোদ্দেশে হওয়া প্রযুক্ত
বাবরহিত হইয়া, ক্রমে ক্রমে সন্ত্তণের প্রভাব এবং
ক্রের উদয় করিতে থাকে, স্বতরাং কালে চিত্তস্থদ্ধি
হইয়া উঠে। কিন্তু যে সকল লোকে নিজ স্থার্থে
ক্রেপান ও মাংসাদি আহার, এবং রমণী সম্ভোগ করে,
সাহাদিগের অন্যান্য মাতাল এবং লম্পটের ন্যায় গতি
হয়।

দ্বামান্য পঞ্চমকারের দ্বারা সাধনার বিধান হইবার হেতু।.

ং শ প্রশ্ন। এরপ ভয়ানক সাধনা যাহাতে ইন্ট মনিষ্ট উভয় ঘটনার সম্ভাবনা আছে, তাহার বিধান শান্তে হওয়ার হেতু কি ?

হংশ উত্তর। তোমাকে পূর্বেই বলিয়াছি যে,গুণের
গাতিকে লোকের প্রবৃত্তি হয়, এবং আরো বলি যে, যে
বিষয়ে যাহার কচি নাই, তাহাতে তাহাকে প্রবৃত্তি করা
বিষয়ে, যেহেতু অনিচ্ছায় কিছুতেই মনোনিবেশ এবং উৎশাহ্ম না। তমোগুণপ্রধান ব্যক্তিরা পঞ্চমকারের সাধারণ
কর্ম গ্রহণ করিয়া সামান্য মদ্যাদিতেই রত থাকে, এ
বিষয়ে তামসিক উপাসনাই তাহাদিগের পক্ষে বিধেয়।
বিষয়া সাত্তিক উপাসনার কথাকে কদাচ কর্ণে স্থান
না, স্থতরাং তাহাদের উদ্ধারের উপায়ার্থে বীরাক্রাণ্ড ইরাছে। অতএব এতদাচারও গৌনকল্পে
ক্রাধক জানিবে, যদ্ধপ কোন রোগীর তিক্তরস্বিশিষ্ট
সেবনে অনিচ্ছা হইলে, বিচ্ন্নুণ চিকিৎসক, রোগযে মিন্টার তাহার মধ্যে কিঞ্চিৎ কিঞ্চিৎ ওব্ধ
করণ পূর্বক ঐ ঔষধ্যুক্ত মিন্টার আহার করা-

ইয়া কালে তাহার রোগ শান্তি করেন, তদ্ধপ সত্ত্ব ও দয়ের বিরোধী যে পঞ্চমকার তাহার সহিত ভগবং রাধনারূপ ভবরোগের ঔষধ সেবন করিলে উদ্দেশ্য প্রাপ্তি হয়।

তান্ত্রিকমতের সাধনায় সিদ্ধ হওয়ার প্রমাণ।

২০শ প্রশ্ন। উক্ত উপাসনার প্রণালী যাহা । লিপিবদ্ধ হইয়াছে, তদবলম্বনে কাহারো সিদ্ধ হও প্রমাণ আছে কি না ?

২১শ উত্তর। ঐ তন্ত্রই তাহার প্রমাণ, কেন না ह শাস্ত্রে পুস্তক বিক্রয় নিষিদ্ধ, বিশেষতঃ এক্ষণে যন্ত্র ও কাপিরাইট আক্ট্র দ্বারা গ্রন্থ প্রস্তুতে যেরপ ল উপায় হইয়াছে, পূর্বকালে হিন্দুরাজাদিগের অধিক ভদ্ৰপ ছিল না, এ বিধায় কেহ কোন পুস্তক বিক্ৰয়: ণের ইচ্ছা করিলেও তাহাতে ইউদিদ্ধি হওয়া ত্রঃম ছিল, সুতরাং কোন ব্যক্তি যে অর্থলাভের নিমিত তন্ত্র করিয়াছিলেন, তাহা সম্ভব হইতে পারে না। ए ক্স কোন এক ব্যক্তির এতাধিক আয়ু সম্ভবে না তিনি একক ঐ তাবৎ তন্ত্র প্রস্তুত করিতে পারিতেন, তাহা সাধ্য বিবেচনা করিলেও, তম্তু সকলে এতা মতের অনৈক্যতা দৃষ্ট হয় যে, তাহা একের লেখনি উ হওয়া দরে থাকুক, এক শুরুর শিষ্য প্রশিষ্যবর্গের ট ক্রমে লেখারও অসম্ভব, যেহেতু কোন কন্তে শিব নির্ণ ধারণে নিষেধ, এবং তন্ত্রান্তরে তদ্বিধি আছে, এবং ে তন্ত্ৰে অশৌচকালে এবং দ্বাদশ্যাদি তিথিতে সন্ধ্যা বৰ্ণা নিষেধ এবং কোন তম্ভের মতে তাহা বৈধ হইয়া এবং কোন তম্মে বিলপতের রূম স**হি**ত প্রজা ক^{্রি}

বিষেধ আছে, এবং তন্ত্রান্তরে তাহার বিপরীত বিধিশিবদ্ধ হইয়াছে। অতএব ঐ অসংখ্য তন্ত্রকারেরা
লিখিত মতে সিদ্ধ না হইলে, এরপ অঁলাভবাণিজ্যে
হাদের প্রবর্ত্ত হওমা কদাচ সম্ভব হইত না, বরং আপনারা সিদ্ধ হইয়া লোকের হিতার্থে স্ব সাধনা প্রণালী
প্রচার করাই বিবেচনাসিদ্ধ বোধ করিতে হইবেক। কলতঃ
হিন্দুশান্ত্রোক্ত সাধনা প্রব্রুত প্রস্তাবে করিতে পারিলে
ভাহাতে অবশ্যই সিদ্ধ হয়, ইহাতে কোন সন্দেহ
করিবে না। অত্র বিষয়ে আরো একটা উদাহরণ স্বরপ
প্রমাণ দিতেছি, প্রবণ কর।

বিশামিতের বিপ্রত্ন প্রাপ্তি।

মূল এন্থ নারদ পঞ্চরাত্রেতে লিখিত। তাহার যথার্থ হৈল পদ্য বিরচিত 🗐

ত্রিপদী।

বশিষ্ঠ নামেতে ঋবি, চিরকাল বনে বিদি,
ত্রন্ধা বিঞু স্থ্য গণেশেরে ।
নানামত মতান্তরে, বহুমুগ মুগান্তরে,
সাধিয়া সাধেন মহেশেরে ।।
কার না হইল দরা, দৈবযোগেতে বিজয়া,
বন মধ্যে দেন দরশন ।
দেখি মুনি হঠ হয়ে, বিজয়া নিকটে গিয়ে,
য়ৣয়ৢয়খ করেন নিবেদন ॥
বহু মুগ মুগান্তর, শুক্ত করি কলেবর,
সর্বদেব সাধিনু মৃতনে ।
কারো না হইল দয়া, উপায় বল বিজয়া,
এবে প্রাণ ধরি কি কারণে ॥

.শুনিয়া বিজয়া কন, শুন শুন তপোধন, কালী, তারা একই শরীর। যাঁহারে বিশাস হয়, সাধ ত্যজিয়া সংশ্যু বামাচারে মন করি স্থির॥ সত্য শুন মহাশয়. সিদ্ধ হইবা নিশ্চয়, মিথ্যা নহে বচন আমার। মন্ত্ৰ লহ দেই কাণে, সাধ অতি সাবধানে, . বাঞ্ছা পূর্ণ হইবে তোমার॥ ভক্তি ভাবে তপোধন, মন্ত্র করিয়া এছণ, তপদ্যা করেন পশ্বাচারে। সিদ্ধ না হইল যবে, কুপিত হইয়া তবে, শাপ দিতে উদ্যত তারারে॥ তখনি আসি বিজয়া, মুনিরে করিয়া দ্য়া, বলেন অসিদ্ধির কারণ। না করিলে বামাচার, কোন শক্তি দেবতার, মন্ত্ৰ সিদ্ধি নহে কদাচন॥ শুনি মুনি যতুবান, মন্যভূমী যেই স্থান, তথা গিয়ে জানেন বিশেষ। মলপত্ত ফুল ফল, নানা শস্য অনু জল, মদ্যময় সকলি সে দেশ ॥ বাস করিয়া সে স্থানে,অন্ন জলাদি ভোজনে, বামাচারী হন তপোধন। সাধনে প্রব্ত হন, তারা আসি দরশন, দিয়া বর যাচেন তখন।। মুনি কন বর চাই, কাম ধেনু যদি পাই, অন্য বরে নাহি প্রয়োজন ৷ चिष्ठ विन भद्दामांशा, भूमिवत्त निया मांशा, যান যথাস্থানে ত্রিলোচন।।

দেবরাজে আজ্ঞা হৈল,মুনি কামধেরু পাইল, বনমধ্যে করেন বসতি। ইন্দ্রাদি দেবতাগণ, সিদ্ধ গদ্ধবৰ্ব চারণ, মুনিবর করেন অতিথি।। দৈৰযোগে একদিন, বিশ্বামিত্র বলহীন, মুগরায় পরিশ্রম করি। সুধা তৃষ্ণায় কাতর, গহন বনু ভিতর, দেখিলেন বশিষ্ঠ রুটারি।। মুনি নাই আশ্রমেতে বিশ্বামিত্র সদৈন্যেতে, কুধা তৃফাতুর অতিশয়। বার্যার কহে রাজা, অতিপের কর পূজা, মতুবা শাপিব স্থানিশ্য ।। শুনিয়া রাজার বাণী, কামধেনু অভিমানী, বশিষ্ঠের বিপদ দেখিয়া। আপনি প্রত্যক্ষ হৈলা,ঊর্দ্ধমুখেতে,ডাকিলা, দেবরাজে বার্তা জানাইয়া।। স্বৰ্গ হৈতে দাস দাসী,যাহাতে যে অভিলাধী, বস্ত্রাসনাভরণ ভূষণ। চর্ব্য চোষ্য লেছ পেয়, ষড় রদ উপাদেয়, ভুলোকের ত্বন্ধ ভি যে ধন॥ রত্বময় বহুতর, অপূর্ব আশ্রম হর, বিশ্বামিত্রে দিলেন যৌতুক। নৃপতি বিস্মিত হৈল, ক্ষুধা তৃষ্ণা দূরে গেল, দৈখিয়া সে আশ্চর্য্য কৌতুক॥ আতিথ্য স্বীকার করি, চ্লিলেন নিজ পুরী, ভূত্যগণে করি অনুমতি। আমার হরুম ধর, অপেকা নাহিক কর,

আভাক্রমে ভৃত্যগণ, গাভী করিল বন্ধন, হেনকালে আইল মুনিবর I দেখিয়া আশ্চর্য্য কাণ্ড,মুনি ভাবেন প্রকাশু, এ কি হৈল বনের ভিতর।। ক্রমেতে নিকটে আসি, জিজ্ঞানেন হাসিং, জানিলেন বুভান্ত সকল। স্থ্যুরভির কর্ম্ম যত, স্থায়ে সব অবগত, ভাবে মুনি হইল বিকল ॥ রাজার সমীপে গিয়ে, করপুটাঞ্জলি হয়ে, গাভী ভিক্ষা চান মুনিবর। রাজা বলে ভূমি ঋষি, চিরকাল বনবাদী, গাভী কেন কুঁড়ের ভিতর।। বনফল ভক্ষা তব, কি কাঠ্য তব বৈভব, গাভী দেহ লয়ে আমি যাই। ম্দি সহজে না পাব, বলেতে লইয়া যাব, সত্য কহি তোমার দোহাই॥ এতেক বলি রাজন, ভৃত্যে কন কু বচন, শীত্রগতি গাভী লয়ে চল। বান্ধিয়া লইয়া যায়, গাড়ী মুনি-মুখ চায়, সকাতরে নয়ন সজল।। মুনি কন বিশ্বমাতা, তুমি পারম দেবতা, তোমা পাইয়াছি তপফলে। মহারজা বলবান, মোরে করি অপমান, তোমারে লইয়া যায় বলৈ॥ সদয় হইয়া মনে, থাক আমার ভবনে, এই বর মাগি তব ভানে । ক্ষনি স্তরভি তখন, উর্দ্ধরুখে ঘনে ঘন, ডাকে সুরভি নন্দিনী, নেবরাজ শব্দ শুনি, ंतिय रिमना शांठींन मञ्जत । শেল শূল খড়া ঢাল, ভৃগুণ্ডি তোমার জাল, নানাবিধ অস্ত্র বহুতর ।। আকাশমার্গ হইতে, দৈন্য আলে আচ্মিতে, যথা বশিষ্ঠের তপোবন। মুমির নিকটে আসি, দেবসৈন্য অন্ত রাশি, রাখিয়া করয়ে নিবেদন।। পাঠাইল দেবরাজ, ক্রিতে তোমান্ন কাজ, আজা কর কি কার্য্য ভোগার। মুনি কন বিশামিত্র, হইয়া ক্ষত্রিয় পুত্র, অপমান করতে আমার।। দেবতা অতিথি জন্য, কামধেনু মহা ধন্য, আয়ার আশ্রমে চিরদিন। রাজা আপন আজায়, সুরভিরে লয়ে যায়, আমারে দেখিয়া বলহীন।। রাজারে করিয়া জয়, কামধেরু মমালয়, षानि (पर मानि धरे मान। শুনি দেবলৈন্য যত, রাজলৈন্য করি হত, রাজারে করয়ে অপমান ।। च्रत्राचि मिनसी नरत्र, मुमिवरत एउँ निरत्र, সদস্তেতে দবে স্বর্গে যায়। রাজা অপমান হৈয়ে, পাত্রমিত্রে সম্বোধিয়ে, ্মনত্রুঃখে করেন বিদায়। বলেন বিবেক মনে, তুন পাত্রমিত্রগণে, আমি আর রাজ্যু না করিব। ধিক্ধিক্ ক্ত বল, তক্ষ বল বড় বল, এই দেহে ত্রাহ্মণ হইব।।

তপস্থা করিব বনে, যত দিনে নিরঞ্জনে,
দেখা পাই নিজ কর্মফলে।
ভিক্ষুকে দিলেক লাজ,রাজ্যতে নাহিক কাজ,
রাজ্য কর তোমরা সকলে॥
এই প্রতিজ্ঞা আমার, সত্য সত্য তিনবার,
ত্রান্ধণ হইব শুনিশ্চয়।
এত বলি বিখামিত্র, নিজ রাজ্যে পাত্রমিত্র,
বিদায় করিল সমুদয়।।
রাজবেশ পরিহরি, তপস্থীর বেশ ধরি,
প্রবেশ করিল তপোবনে।
বহু মুগ জনিবার, করি বান্ধানে।
কিটিকে ব্রন্ধার সাধনে।

পয়ার।

প্রথমতঃ করয়ে ত্রন্ধার উপাদনা।
তাঁহা হৈতে পরিপূর্ণ না হয় কামনা॥
ত্রন্ধার আদেশে করে বিফুর সাধন।
বিফু হৈতে ত্রান্ধণত্ব না পান রাজন॥
ক্রেমে ক্রমে সর্ব্বেদেব আরাধনা করে।
ত্রান্ধণত্ব নাহি হয় ক্ষত্র কলেবরে॥
দেবগুরু রহস্পতির উপদেশ পেয়ে।
শিবের সাধন মুনি করে মন দিয়ে॥
আগুতোষ মহাদেব দয়ার সাগর।
দর্শন দিলেন আসি মুনির গোচর॥
মহাদেবে দর্শন পাইয়া মুনিবর।
প্রণাম করিয়া শুব করে বহুতর॥
দেবের দেবতা মহাদেব দয়াময়।

বিশ্বামিত্র স্তবে তুষ্ট হইয়া মহেশ। মুনিকে কছেন ব্ৰহ্ম জ্ঞান উপদেশ।। ত্ৰদ্বজ্ঞান বিনা ত্ৰাহ্মণত্ব নাহি হয়। বেল্লম্যী মহা বিদ্যা কালিকা নিশ্চয়।। তাঁর একাক্ষরী মন্ত্র কালী বীজ নাম। যে ভজে তাহার পূর্ণ হয় মনস্কাম ।। সেই বিদ্যা সাধন করহ মুনিবর। সে ফলেতে ব্রাহ্মণত্ব পাইবে সত্ত্রন। ইত্যানি বলিয়া শিব হন অন্তর্ধ্যান। বিশামিত করিল সাধন অনুষ্ঠান। একান্ত পরম ভক্তি সহিত যতন। কুলাচার বিধানেতে সাধেন রাজন॥ তপে তুষ্ট জগদয়া করাল বদনী। রুদ্রে সহ আসি দেখা দিলেন আপনি॥ প্রসন্না বদনে দেবী বলেন তখন। যে বর বাসনা তব মাগহ রাজন ॥ সেই বর দিব আমি নাহিক সংশয়। অন্যথা নাহিক হবে কহিনু নি গ্য়॥ ণ্ডনি বিশ্বামিত্র মুনি হরিষ অন্তর। আতা নিবেদন করে হইয়া কাতর।। ত্রন্ধাদি সকল দেব করি আরাধনা। ব্ৰাহ্মণত্ব চাহি মাত্ৰ এই সে কামনা।। কোন দেব হইতে কাম পূর্ণ নাহি হয়। বিপ্রত্ব দেহিমে মাতা হইয়া সদয়। রাজার প্রার্থনা শুনি করাল বদনী। স্বামী প্রতি কটাক্ষ করেনু সনাতনী।। হিতভাবে সক্ষেতে বলেম বেদমাতা। विशि अंक्रत कार्यक्षक कार्यक्रे ।।

হস্তদ্বয় প্রসারিয়া দিয়া আলিঙ্গন। বিশামিত্রে বিপ্রস্ত দিলেন ত্রিলোচন।। সেইক্ষণ হৈতে রাজা বিপ্রত্ব পাইল। সর্বেশান্দে চারি বেদে অধিকারী হৈল।। একাক্রী কালী বিদ্যা সাধনের ফলে। ব্রহ্মার সদৃশ সৃষ্টি করেন কৌশলে।। চত্তর্বর্গদাত্রী মাতা ব্রহ্ম স্বরূপিণী। তৎপ্রলাদে বিপ্র হৈল বিশ্বামিত্র মুনি ।। প্রার্থনার অধিক নাহিক দেন বর। সেহেতু ত্রাহ্মণ নাহি হয় মুনিবর ।। অতএব বামাচার সাধন প্রধান। ভক্তিযোগে করিলে সে পায় প্রক্ষার ॥ व्यामानकि गर्शकाली (मत्वत जननी । পালনকারিণী বিশ্ব নির্বরণ দ।য়িনী॥ জলেতে বুদ্বুদাকারে ডিয়বৎ হয়। পুনরায় দেই ডিয় জলে ছয় লয়।। সেইরূপ ব্রন্ধাবিফু শিব আদি যত। কাণীর উদরে সর্বেজন্ম প্রথমত।। মহাপ্রলয়ের কালে কালীর দেহেতে। পুনদায় হবে কন নির্বাণ তদ্ভেতে।। শক্তি ত্রদ্মজ্ঞান ভিন্ন মুক্তি নাহি হয়। ष्यानग्रभक्ति महोकाली जानित्व निभ्वत् ।। কালিকার ডিন গুণে ব্রহ্মা বিফু শিব। কালি অংশে স্থাবর জন্নম দর্ব্ব জীব।। দক্ষিণান্ত কৈলে যথা কর্মাসিদ্ধি হয়। জন্ম দক্ষিণান্ত কালী সাধনে নিশ্চয়। কর্মফল ভোগ জন্য যত দেহধারী।

দক্ষিণা সাধন কৈলে কৰ্ম সিদ্ধি হয়।
কৰ্ম নাশে জন্ম নাশ কি আর সংশয়।।
অতএব জন্ম নাশে দক্ষিণা কারণ।
দক্ষিণা-কালিকা নাম কন পঞ্চানন।
নাদ্য শুকুর নিকটেতে শুনি উপদেশ।
দ্বিজ চক্রনাথ বিরচিল সবিশেষ।।

তত্ত্ব সকল শিব উক্তি বলার **হে**তৃ।

